কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

# বিউটিফিকেশন

লেভেল – ০২

## মডিউল শিরোনামঃ হেয়ার কাট সম্পন্ন করা

## (Module: Performing Haircut)

**মডিউল কোড: CBLM-OU-IN-BEU-02-L2-V1**

**জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ**
**প্রধান উপদেষ্টার কার্যালয়,**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

## কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধান উপদেষ্টার কার্যালয় ।
১১-১২ তলা, বিনিয়োগ ভবন
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ইমেইল: ec@nsda.gov.bd
ওয়েবসাইট: www.nsda.gov.bd
ন্যাশনাল স্কিলস পোর্টাল: http:\\skillsportal.gov.bd

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“হেয়ার কাট সম্পন্ন করা” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত বিউটিফিকেশন লেভেল-২ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে বিউটিফিকেশন লেভেল-২ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বরা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিউটিফিকেশন লেভেল-২ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----------------------- তারিখে অনুষ্ঠিত ------------কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।

# সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করুন। এটিতে বিশেষত কাজের জন্য প্রস্তুতি, ক্লায়েন্ট প্রস্তুত করা, হেয়ার রিমুভিং, চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং স্পর্শ প্রয়োগ করা এবং ক্লায়েন্ট এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা অর্ন্তঃভুক্ত রয়েছে।
এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করুন। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করুন।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখুনদেখুন। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

# সূচিপত্র


কপিরাইট ........ i

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা ........ v

মডিউল শিরোনাম ........ ১

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : হেয়ার কাট কাজের জন্য প্রস্তুতি নেওয়া। ........ ৪

ইনফরমেশন শীট ( Information Sheet)-১: কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া। ........ ৫

সেলফ চেকলিষ্ট ( Self -Check)-১: হেয়ার কাট কাজের জন্য প্রস্তুতি নেওয়া। ........ ১১

উত্তরপত্র ( Answer Key)- ১: হেয়ার কাট কাজের জন্য প্রস্তুতি নেওয়া। ........ ১২

টাস্কশীট (Task Sheet)-১.১: ছবি দেখে চুল কাটার যন্ত্রপাতি সনাক্ত করা ........ ১৩

শিখনফল (Learning Outcome)- ২ : ক্লায়েন্টকে তৈরী করতে পারবে ........ ১৬

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২ : ক্লায়েন্টকে তৈরী করা ........ ১৮

ইনফরমেশন শীট (Information Sheet) ২: ক্লায়েন্টকে তৈরী করা ........ ১৯

সেলফ চেক শিট ( Self Check Sheet) ২: ক্লায়েন্টকে তৈরী করা ........ ২৫

উত্তর পত্র (Answer Key) ২: ক্লায়েন্টকে তৈরী করা ........ ২৬

টাস্কশীট ( Task Sheet) ২.১ : কাস্টমারের প্রয়োজনীয়তা অনুযায়ী সঠিক চুল কাটার বা স্টাইলিং পদ্ধতি চিহ্নিত করা ........ ২৭

শিখনফল (Learning Outcome)- ৩ : চুল কাটতে পারবে ........ ২৮

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৩ : ক্লায়েন্ট এর চুল কাটা ........ ৩০

ইনফরমেশন শীট (Information Sheet)-৩: ক্লায়েন্ট এর চুল কাটা ........ ৩১

সেলফ চেক শিট (Self-Check Sheet) ৩.১ : ক্লায়েন্ট এর চুল কাটা ........ ৩৭

উত্তর পত্র (Answer Key) ৩.১ : ক্লায়েন্ট এর চুল কাটা ........ ৩৮

জব শীট (Job Sheet) ৩.১: ক্লায়েন্ট এর চুল সোজা কাট দেয়া ........ ৩৯

স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ৩.১: ক্লায়েন্ট এর চুল সোজা কাট দেয়া ........ ৪০

শিখনফল (Learning Outcome)- ৪ : চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং টাচ প্রয়োগ করতে পারবে ........ ৪১

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৪ : চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং টাচ প্রয়োগ করা ........ ৪২

ইনফরমেশন শীট (Information Sheet)-৪: চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং টাচ প্রয়োগ করা ........ ৪৩

সেলফ চেক শিট (Self-Check Sheet) ৪.১: চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং টাচ প্রয়োগ করা ........ ৪৭

উত্তর পত্র (Answer Key) ৪.১ : চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং টাচ প্রয়োগ করা ........ ৪৮

জব শীট (Job Sheet)-৪.১: জেল/স্টাইলিং জেল ব্যবহার ........ ৪৯

স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ৪.১: জেল/স্টাইলিং জেল ব্যবহার ........ ৫০

শিখনফল (Learning Outcome)- ৫: ক্লায়েন্টের ও কর্মক্ষেত্রের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে পারবে ........ ৫১

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৫ : ক্লায়েন্টের ও কর্মক্ষেত্রের পরিচ্ছন্নতা নিশ্চিত করা ........ ৫২

ইনফরমেশন শিট (Information Sheet): ৫: ক্লায়েন্ট এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা। ........ ৫৩

সেলফ চেক শিট (Self-Check Sheet)-৫: ক্লায়েন্ট এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা। ........ ৬০

উত্তর পত্র (Answer Key)- ৫: ক্লায়েন্ট এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা। ........ ৬১

টাস্কশীট ( Task Sheet) ৫.১: যন্ত্রপাতি এবং সরঞ্জাম পরিষ্কার এবং স্যানিটাইজ (জীবাণুমুক্ত) করা ........ ৬২

স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ৫.১: যন্ত্রপাতি এবং সরঞ্জাম পরিষ্কার এবং স্যানিটাইজ (জীবাণুমুক্ত) করা ........ ৬৩
দক্ষতা পর্যালোচনা (Review of Competency) ........ ৬৪
সিবিএলএম প্রনয়ন ........ ৬৫
রেফারেন্স ........ ৬৬

## মডিউল শিরোনাম

| | |
|---|---|
| **ইউ ও সি শিরোনাম** | **হেয়ার কাট সম্পাদন করা (Perform Hair Cut)** |
| **ইউ ও সি কোড** | **OU-IS-BEU-02-L2-V1** |
| **মডিউল শিরোনাম** | **হেয়ার কাট সম্পন্ন করা** |
| **মডিউলের বর্ণনা** | এই মডিউলটিতে হেয়ার কাটের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং মনোভাবগুলি সংযুক্ত হয়েছে।<br>এর মধ্যে বিশেষত কাজের জন্য প্রস্তুতি, ক্লায়েন্ট প্রস্তুত করা, হেয়ার রিমুভিং, চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং স্পর্শ প্রয়োগ করা এবং ক্লায়েন্ট এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা অন্তর্ভুক্ত রয়েছে। |
| **নমিনাল সময়** | **৭০ ঘন্টা** |
| **শিখনফল** | ১. হেয়ার কাট কাজের জন্য প্রস্তুত হতে পারবে<br>২. ক্লায়েন্টকে তৈরী করতে পারবে<br>৩. চুল কাটতে পারবে<br>৪. চুল পরীক্ষা করতে এবং উপযুক্ত ফিনিশিং টাচ প্রয়োগ করতে পারবে<br>৫. ক্লায়েন্টের ও কর্মক্ষেত্রের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে পারবে |

**অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)**

১ ওএসএইচ অনুসরণ করতে সক্ষম হয়েছে এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করতে সক্ষম হয়েছে
২ টুলস এবং ইকুইপমেন্ট সংগ্রহ এবং স্যানিটাইজ করতে সক্ষম হয়েছে
৩ হেয়ার রিমুভিংর জন্য উপকরণ সনাক্ত এবং সাজাতে সক্ষম হয়েছে
৪ হেয়ার ক্যাটালগ অনুযায়ী হেয়ার রিমুভিংর স্টাইল নির্বাচন এবং সম্মত করতে সক্ষম হয়েছে
৫ ব্যক্তিগত আনুষাঙ্গিক অপসারণ করতে সক্ষম হয়েছে
৬ ক্লায়েন্টের মুখ, মাথা, দৈর্ঘ্য এবং প্রস্থের আকৃতি তার শরীর এবং উচ্চতা অনুযায়ী মূল্যায়ন করতে সক্ষম হয়েছে
৭ চুলের টেক্সচার স্টাইলের প্রয়োজনীয়তা এবং পরিচালনার জন্য কাটার ধরণ অনুযায়ী বিশ্লেষণ করতে সক্ষম হয়েছে
৮ প্রতিরক্ষামূলক পোশাক সরবরাহ এবং ব্যবহার করতে সক্ষম হয়েছে
৯ সেলুন পদ্ধতি অনুসরণ করে চুল শ্যাম্পু এবং কন্ডিশন করতে সক্ষম হয়েছে
১০ স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে চুল হালকা শুকাতে সক্ষম হয়েছে
১১ চুল বিভাগ করতে সক্ষম হয়েছে
১২ নির্বাচিত হেয়ার রিমুভিংর স্টাইল এবং গ্রহণযোগ্য পদ্ধতি অনুসারে হেয়ার রিমুভিং সঞ্চালন করতে সক্ষম হয়েছে
১৩ চুল সেটিং ব্লো ড্রাই দিয়ে সঞ্চালন করতে সক্ষম হয়েছে
১৪ ফিনিশিং কাটার সরঞ্জামগুলি হেয়ার স্টাইল অনুযায়ী ব্যবহার করতে সক্ষম হয়েছে
১৫ হেয়ার ফিনিশিং পণ্য ক্লায়েন্টের প্রয়োজনীয়তা এবং স্টাইল অনুযায়ী প্রয়োগ করতে সক্ষম হয়েছে
১৬ ক্লায়েন্টের গ্রহণযোগ্যতা নিশ্চিত করতে সক্ষম হয়েছে এবং প্রয়োজনে সামঞ্জস্য করতে সক্ষম হয়েছে
১৭ অ্যাপ্রোন অপসারণ এবং অবাঞ্ছিত অংশগুলি অপসারণের জন্য ব্রাশ/টিস্যু ব্যবহার করতে সক্ষম হয়েছে
১৮ ব্যক্তিগত আনুষাঙ্গিক গুলি ফেরত দিতে সক্ষম হয়েছে

১৯ টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং স্যানিটাইজ করতে সক্ষম হয়েছে
২০ কর্মক্ষেত্র পরিষ্কার করতে সক্ষম হয়েছে
২১ বর্জ্য পদার্থ কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিষ্পত্তি করতে সক্ষম হয়েছে

## শিখনফল (Learning Outcome)- ১ : হেয়ার কাট কাজের জন্য প্রস্তুত হতে পারবে

| | |
|---|---|
| **অ্যাসেসমেন্ট মানদন্ড** | ১. ওএসএইচ অনুসরণ করতে এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার করতে সক্ষম হয়েছে<br>২. টুলস এবং ইকুইপমেন্ট সংগ্রহ এবং স্যানিটাইজ করতে সক্ষম হয়েছে<br>৩. হেয়ার রিমুভিংর জন্য উপকরণ সনাক্ত এবং সাজাতে সক্ষম হয়েছে |
| **শর্ত ও রিসোর্স** | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস |
| **বিষয়বস্তু** | ১. ওএসএইচ অনুসরণ এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার<br>২. টুলস এবং ইকুইপমেন্ট সংগ্রহ এবং স্যানিটাইজ করা<br>▪ সেটিং ক্লিপস<br>▪ রেজার, ব্লো ড্রায়ার<br>▪ স্প্রে গান<br>▪ হেয়ার ব্রাশ<br>▪ নাপিত ব্রাশ<br>▪ চিকন করার কাঁচি<br>▪ কাটিং কাঁচি<br>▪ চিরুনি<br>▪ ট্রিমার<br>▪ হেয়ার রিমুভিং ডামি<br>▪ হেয়ার রিমুভিংর চেয়ার<br>৩. হেয়ার রিমুভিংর জন্য উপকরণ সনাক্ত এবং সাজাতে পারবে<br>▪ পাউডার<br>▪ শ্যাম্পু<br>▪ কন্ডিশনার<br>▪ তুলা |
| **এক্টিভিটি / টাস্কশীট/ জব** | ১. ছবি দেখে চুল কাটার যন্ত্রপাতি সনাক্ত করা |
| **প্রশিক্ষণ পদ্ধতি** | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| **অ্যাসেসমেন্ট পদ্ধতি** | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৪. পোর্টফলিও (Portfolio) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : হেয়ার কাট কাজের জন্য প্রস্তুতি নেওয়া।

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ১. প্রশিক্ষণার্থীগ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের “হেয়ার কাট কাজের জন্য প্রস্তুতি নেওয়া।” শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ১ : হেয়ার কাট কাজের জন্য প্রস্তুতি নেওয়া। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন।<br>উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>টাস্কশীট ১.১: ছবি দেখে চুল কাটার যন্ত্রপাতি সনাক্ত করা |

## ইনফরমেশন শীট ( Information Sheet)-১: কর্মসম্পাদন করার জন্য প্রস্তুতি নেওয়া।

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষণার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

১.১. ওএসএইচ অনুসরণ করতে এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার
১.২. টুলস এবং ইকুইপমেন্ট সংগ্রহ এবং স্যানিটাইজ করা
১.৩. হেয়ার কাটিং এর জন্য উপকরণ সনাক্ত এবং সাজানো

## ১.১. ওএসএইচ অনুসরণ করতে এবং ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (পিপিই) ব্যবহার

### ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি (পিপিই)

"পারাসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট" কে সংক্ষেপে "পিপিই" বলা হয়। খুবই সাধারণ ভাষায়, কর্মক্ষেত্রে অথবা ব্যক্তি জীবনে বিভিন্ন স্বাস্থ্য ক্ষতি থেকে নিজেকে রক্ষা করার জন্য আমরা বিশেষ যেসব পোশাক বা সরঞ্জামাদি পরিধান করি সেগুলোকেই বলা হয় 'ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম' বা পিপিই। কাজের সাথে জড়িত ঝুঁকির প্রকৃতির উপর নির্ভর করে কর্মীরা বিভিন্ন ধরণের সুরক্ষা সরঞ্জাম ব্যবহার করে। প্রতিটি পিপিইর একটি নাম আছে এবং পরিধানের একটি উদ্দেশ্য আছে। আবার প্রতিটি পিপিই পরিধান এবং সংরক্ষনেরও কিছু বিশেষ নিয়ম আছে।

### ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি (পিপিই) এর গুরুত্ব

ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) ব্যবহারের মাধ্যমে একজন কর্মী বা কর্মীরা কর্মক্ষেত্রে যে কোন ধরনের আঘাত বা অসুস্থতার ঝুঁকি হ্রাস করতে পারে। পিপিই ব্যবহারের মাধ্যমে কর্মীরা স্বাস্থ্য এবং নিরাপত্তা ঝুঁকির জন্য নিজেকে প্রস্তুত করতে পারে এবং দুর্ঘটনার ক্ষেত্রে বা দুর্ঘটনার সঙ্গে সম্পৃক্ত উপদানগুলির বিপরীতে অতিরিক্ত সুরক্ষা দেয়।

নিচে প্রয়োজনীয় **PPE** এর বর্ণনা দেয়া হলো

| | |
|---|---|
| **এপ্রোন**: ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদির মধ্যে এপ্রোন অন্যতম। এটি এক ধরনের পোশাক যা শরীরে পরিহিত অন্যান্য পোশাকের উপর পরতে হয়। এটি শরীরের সামনের অংশ ঢেকে রাখে। কর্মক্ষেত্রে কাজের ধরন অনুযায়ী এপ্রোন বিভিন্ন ধরনের হয়ে থাকে।<br>সাধরণত এগুলো ত্বক এবং কাপড়কে দাগ ও চিহ্ন থেকে রক্ষা করে। এছাড়াও স্বাস্থ্যগত কারনে, ইউনিফর্মের অংশ হিসাবে, অ্যাসিড, এলার্জেন বা অতিরিক্ত তাপের মতো নির্দিষ্ট বিপদ থেকে সুরক্ষা পাবার জন্য ব্যবহৃত হয়ে থাকে। |   চিত্র : এপ্রোন |
| **হেয়ারব্যান্ড:** হেয়ার রিমুভিং কাজ করার জন্য প্রটেক্টিভ ইকুইপমেন্ট হিসাবে হেড ব্যন্ড ব্যবহার করা হয়ে থাকে। এটি মাথার লম্বা চুলগুলো শক্ত করে বেধে রাখে যাতে করে কাজের সময় মাথার লম্বা চুলগুলো থ্রেড বা কাঁচির মধ্যে এসে কোন সমস্যা সৃষ্টি করতে না পারে। |  চিত্র : হেয়ারব্যান্ড |

| | |
|---|---|
| **ডিসপোজেবল মাস্ক:** এগুলো তৈরি করতে সাধারণত পলিপ্রপিলিন ব্যবহার করা হয়, যা প্রতি বর্গমিটরে ২০ থেকে ২৫ গ্রাম ঘনত্বে থাকে। মাস্কগুলি পলিস্টাইরিন, পলিকার্বোনেট, পলিথিন বা পলিয়েস্টার দিয়েও তৈরি করা যায়। সাধারণত একটি তিন প্লাই মাস্ক একটি মেডিকেল গ্রেড মাস্ক যার তিনটি স্তর রয়েছে। মাঝারি স্তর ফিল্টার এরমত কাজ করে। ভিতরের স্তরটি আর্দ্রতা শোষণ করে, এবং বাহিরের স্তরটি পানি দূরে সরিয়ে দেয় যা জীবাণু থেকে প্রতিরক্ষা করতে সহায়তা করে। বিউটিপার্লারে ক্লায়েন্টের অতি নিকটে থেকে সেবা প্রদান করতে হয়। তাই মাস্ক ক্লায়েন্ট এবং সেবাদানকারী উভয়কেই সংক্রমণ থেকে রক্ষা করতে পারে। এছাড়াও বিভিন্ন ধরনের ক্যামিকেল রিঅ্যাকশন থেকেও দূরে রাখতে সাহায্য করে। |  চিত্র : ডিসপোজেবল মাস্ক |
| **হ্যান্ড গ্লোভস:** এগুলো কাজ করার সময় হাতকে রক্ষার জন্য ব্যবহার করা হয়। বিশেষত ক্যামিকেল, প্রসাধন উপকরণ, ক্লায়েটদের সংস্পর্শে আসলে জীবণু সংক্রমন, এছাড়াও যন্ত্রপাতি ও সরঞ্জাম ব্যবহার করার সময় হাত রক্ষা করার জন্য হ্যান্ড গ্লাভস ব্যবহার করা হয়ে থাকে। |  চিত্র : হ্যান্ড গ্লোভস |
| **ফুটওয়্যার:** প্রায় সকল ধরনের কাজ দাড়িয়ে করতে হয়, তাই পায়ের সুরক্ষার জন্য ভালোমানের ফুটওয়্যার ব্যবহার অবশ্যই বা প্রয়োজন। এছাড়া ভুল জুতা পায়ে দিলে স্বস্তিতে কাজ করতে না পারার পাশাপাশি দুর্ঘটনা ঘটার সম্ভাবনাও বেশী থাকে। যেমন – স্লীপ করে পরে যাওয়া, ইলেকট্রিক শক, পায়ের ব্যাথা দূর করার পাশাপাশি দীর্ঘক্ষণ দাড়িয়ে কাজ করতে সহযোগীতা করে। কোনও ক্ষতি বা জখম বা বৈদ্যুতিক শক থেকে পা রক্ষা করার জন্য, সুরক্ষা জুতা সমস্ত ধরণের পরিস্থিতিতে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখে। |  চিত্র : **ফু**টওয়্যার |
| **হ্যান্ড স্যানিটাইজার:** হাত ধোবার পরে অথবা সাবান এবং পানি পাওয়া না গেলে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা হয়ে থাকে। হ্যান্ড স্যানিটাইজার মূলত অ্যালকোহল মিশ্রিত জেল। অত্যন্ত দ্রুত কাজ করে বলে ত্বকে থাকা মাইক্রোস্কোপিক জীবাণুগুলোকে দ্রুত নির্মূল করতে পারে। এছাড়াও হ্যান্ড স্যানিটাইজারে ব্যবহৃত অ্যালকোহল ত্বকের জন্য খুব শুষ্ক হতে পারে। তাই বেশীরভাগ ব্রান্ডের স্যানিটাইজার গুলো একইভাবে ত্বকের শুষ্কতা এবং জ্বালা উপশম করার জন্য এটি লোশন হিসেবে কাজ করে। এছাড়াও হ্যান্ড স্যানিটাইজার জীবাণু দূর করে, আকারে ছোট হওয়ায় সহজে বহনযোগ্য, একাকি বা দলগতভাবে ব্যবহার করা যায়, অসুস্থতার ঝুঁকি কমায়, এবং অ্যালকোহল মুক্ত হ্যান্ড স্যানিটাইজার হাতের নমিনিয়তা বাড়াতে সাহায্য করে। |   চিত্র : হ্যান্ড স্যানিটাইজার |

| | |
|---|---|
| **হেয়ার কাটিং এ্যাপ্রন:** হেয়ার এ্যাপ্রন ব্যবহৃত হয় চুল ডিজাইন করা বা ক্লায়েন্ট এর চুল কাটার ক্ষেত্রে। কাস্টমার কে হেয়ার এ্যাপ্রন পড়িয়েই কাজ শুরু করুন। কাটিং এর এ্যাপ্রন অবশ্যই গ্রাহককে পড়াতে হবে। |  চিত্র : হেয়ার কাটিং এ্যাপ্রন |

## ১.২. টুলস এবং ইকুইপমেন্ট সংগ্রহ এবং স্যানিটাইজ

আমরা সর্বদা সেলুনে বা পার্লারের হেয়ার কাটিং সেকশনে উপরের এই স্বাস্থ্যবিধি মেনে চলবো। আমরা এ পর্যায়ে জানবো হেয়ার কাটিং এ ব্যবহৃত কিছু যন্ত্রপাতি ও সরঞ্জাম (টুলস্ ও ইকুইপমেন্ট) এর নাম

| যন্ত্রপাতির নাম | চিত্র |
|---|---|
| **ক্লায়েন্ট এর চুল কাটার কাঁচি**: এই কাঁচি ক্লায়েন্ট এর চুল কাটার জন্য বিশেষভাবে তৈরি করা হয়। এগুলি নাপিত কাঁচি, চুলের কেশ বা চুলের কাঁচ হিসাবেও পরিচিত। নিম্নে বিভিন্ন ধরনের ক্লায়েন্ট এর চুল কাটার কাঁচির বর্ণনা করা হলো |  |
| **সেটিং ক্লিপস:** এইগুলি ছোট, ক্লিপ আকৃতির সরঞ্জাম যা ক্লায়েন্ট এর চুল কাটার সময় চুলের বিভিন্ন অংশকে আলাদা করে রাখতে ব্যবহৃত হয়। এগুলি চুলের ছোট ছোট অংশকে আটকে রেখে কাজ করতে সহজ করে। |  |
| **ব্লো ড্রায়ার:** এই একটি বৈদ্যুতিক যন্ত্র যা গরম বাতাস দিয়ে চুল শুকানোর এবং স্টাইল করার জন্য ব্যবহৃত হয়। ক্লায়েন্ট এর চুল কাটার পরে চুলকে আকর্ষণীয়ভাবে সাজাতে ব্লো ড্রায়ার ব্যবহার করা হয়। |  |
| **শর্ট বেল্ড কাটিং কাঁচি:** কোন পেশাদার হেয়ারড্রেসিং কাঁচি কিনতে হবে তা বেছে নেওয়ার সময়, বেল্টগুলির দৈর্ঘ্য বিবেচনা করা গুরুত্বপূর্ণ। শর্ট- বেল্ড কাটার কাঁচি সহজেই ছোট হাতের সাহায্যে হেয়ার স্টাইলিস্টরা ব্যবহার করতে পারেন। কারণ তারা বেশি লাইটওয়েট এবং আরও ভাল নিয়ন্ত্রণ সরবরাহ করে, ফলে হাতের ক্লান্তি হ্রাস পায়। |  |

| | |
|---|---|
| **লম্বা বেল্টযুক্ত নাপিত কাঁচি:** নাপিত কৌশলগুলি, যেমন কাঁধের উপর কাঁচি, একটি কাঁচের ছিদ্র দিয়ে সমস্ত কাটাতে চুলের বৃহত্তর পৃষ্ঠতল কাটার জন্য কাঁচির প্রয়োজন। একটি কাঁচিতে দীর্ঘ বেল্টগুলি নিশ্চিত করবে যে কাঁটা রেখাটি সমান এবং আঁকাবাঁকা নয়। আমরা কয়টা কাটা কৌশলগুলির জন্য প্রায় ৬ থেকে ৭-ইঞ্চি নাপিত কাঁচি কাটানোর পরামর্শ দিই যার জন্য সরাসরি কাটা লাইন প্রয়োজন। |  |
| **প্রশস্ত দাঁত পাতলা কাঁচি:** অল্প সংখ্যক দাঁত দিয়ে তৈরি পাতলা কাঁচিগুলি আপনার কিটে থাকা আবশ্যক। এই ধরণের পাতলা চুলের অংশগুলি পাতলা করার জন্য ডিজাইন করা হয়েছে। পাতলা কাঁচিগুলিতে অল্প সংখ্যক দাঁত প্রতিটি সিড়বপ দিয়ে সম্পূর্ন মাথায় আগা ফাটা থাকলে এই কাচি ব্যবহার করা হয়। লেয়ার চুলের ট্রিমিয় করার সময় এটি ব্যবহার করা যায়। |  |
| **সুইভেল কাঁচিঃ** সেলুনে দীর্ঘ সময় আপনার কব্জি এবং হাতগুলিতে প্রচুর চাপ এবং টান চাপিয়ে দিতে পারে। আপনার সংগ্রহে সুইভেল কাঁচি যুক্ত করা আপনার মূল্যবান হাত থেকে ব্যথা উপশত্রের এক দুর্দান্ত সমাধান হতে পারে। নিয়মিত হেয়ার ড্রেসিং কাঁচি আপনার থাম্বটিকে একটি একক অবস্থানে আটকে দেয় এবং এটি কিছুক্ষণ পরে বেদনাদায়ক হয়ে উঠতে পারে। সুইভেল কাঁচিগুলি একটি ঘোরানো থাম্ব রিংয়ের সাথে ডিজাইন করা হয়েছে, যা তাদের পরিচালনা ও নিয়ন্ত্রণের সময় নমনীয়তা দেয়। সুইভলিংয়ের থাম্ব রিংয়ের জন্য তারা আপনার প্রাকৃতিক হাতের চলাচলকে সামঞ্জস্য করে। এটি ব্যথা কমাবে এবং আপনার ক্লায়েন্ট এর চুল কাটার অভিজ্ঞতাকে আরও আরামদায়ক করবে। |  |
| **হেয়ার ট্রিমার মেশিন:** রেজর এর বিকল্প হিসেবে ট্রিমার ব্যবহার করা হয়। এটি নেক এরিয়া, চিপ এরিয়া সমান করার কাজে ব্যবহার করা হয়। অনেক ক্ষেত্রে মাথার চুল ন্যাঁড়া, শেভ করার জন্য ট্রিমার ব্যবহার করা হয়। ঘাড়ের কাছে চুল ছোট করার জন্য এটি ব্যবহার করা হয়। |   |
| **সেটিং ক্লিপ :** চুল ডিজাইন করার ক্ষেত্রে বা চুল কাটিং এর ক্ষেত্রে চুলকে সেকশন করে সেটিং ক্লিপ দিয়ে আটকিয়ে রাখার জন্য সেটিং ক্লিপ ব্যবহার করা হয়। এতে করে চুলের সেইপ সুন্দর ভাবে কাটা যায়। |  |

| | |
|---|---|
| **হেয়ার কাট চেয়ার:** হেয়ার স্টাইল বা কাটিং করার জন্য হেয়ার স্টুল একটি প্রয়োজনীয় আসবাবপত্র। |  |
| **হেয়ার ব্রাশ/চিরুনী :** চুলের কথা বলতে হলে প্রথমেই যে উপকরণটির নাম আসে সেটা হলো হেয়ার ব্রাশ /চিরুনি। আর হেয়ার কাটিং এর ক্ষেত্রে এর ব্যবহার অপরিহার্য। |   |
| **হেয়ার ড্রায়ার মেশিন :** ব্লো ড্রাই বা বিভিনড়ব ধরনের হেয়ার ডিজাইন এর চুলকে শুকানোর জন্য ব্যবহার করা হয়। চুলকে সুন্দর করে সেটিং করার জন্য সেমিরোল, কার্ল ও স্ট্রেইটও এই মেশিন দিয়ে ব্লো-ড্রাই এর মাধ্যমে অর্থাৎ হেয়ার ড্রাই মেশিনে করা হয়। |  |
| **লুকিং গ্লাস / আয়না :** হেয়ার স্টাইলিং এর ক্ষেত্রে আয়না একটি খুবই গুরুত্বপূর্ন ইকুইপমেন্ট। আমরা যখন গ্রাহকের হেয়ার স্টাইল করবো আমাদের চোখ রাখবো লুকিং গ্লাস এর দিকে এবং গ্রাহকও তার হেয়ার স্টাইলটি যথার্থ দেখার জন্য আয়নার প্রয়োজন। **ক্লায়েন্ট এর চুল কাটা**র জন্য সমতল আয়না ব্যবহার করা হয়। |  |
| **স্প্রে গান:** পানির বোতল এটি প্লাস্টিক বা কাঁচের বোতল হয়ে থাকে। এটি চুল ভিজানোর কাজে ব্যবহার করা হয়। |  |
| **হেয়ার ব্রাশ:** হেয়ার ব্রাশ বা চিরুনি চুল সুন্দর রাখতে এবং স্টাইল করতে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সরঞ্জাম। বিভিন্ন ধরনের চুলের জন্য বিভিন্ন ধরনের ব্রাশ ব্যবহার করা হয়। |  |
| **রেজার:** হেয়ার স্টাইলিংয়ের জন্য বিভিন্ন ধরনের রেজার ব্যবহার করা হয়, যেমন: সেইফটি রেজার: ক্লায়েন্ট এর চুল কাটার জন্য এবং থিনিং শিজার: চুল পাতলা করার জন্য। রেজার ব্যবহার করে চুলের অতিরিক্ত অংশ কাটা হয় এবং চুলে আকৃতি দেওয়া হয়। |  |
| **নাপিত ব্রাশ:** হেয়ার স্টাইলিংয়ের জন্য বিভিন্ন ধরনের ব্রাশ ব্যবহার করা হয়, যেমন: রাউন্ড ব্রাশ: চুলে ভলিউম যোগ করার জন্য, প্যাডল ব্রাশ: চুল সোজা করার জন্য এবং টীজার ব্রাশ: চুলে টেক্সচার যোগ করার জন্য। ব্রাশ ব্যবহার করে চুল আঁচড়ানো, শুকানো এবং স্টাইল করা হয়। |  |

| | |
|---|---|
| **হেয়ার রিমুভিং ডামি:** হেয়ার রিমুভিং ডামিতে কৃত্রিম চুল থাকে যা ক্লায়েন্ট এর চুল কাটা এবং স্টাইলিং শেখার জন্য ব্যবহৃত হয়। |  |

## ১.৩. হেয়ার কাটিং এর জন্য উপকরণ সনাক্ত এবং সাজানো

হেয়ার কাট সম্পাদন করার জন্য একজন কর্মীকে প্রস্তুতি গ্রহণের অংশ হিসেবে প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করতে হয়। হেয়ার কাট কাজ সম্পাদন করার জন্য সাধারনত নিম্নলিখিত উপকরণ প্রয়োজন হয়

| উপকরণসমূহের নাম | চিত্র |
|---|---|
| **পাউডার**: বিউটি পার্লারে বিভিন্ন কাজে বিভিন্ন প্রকারের পাউডার ব্যবহার করা হয়। ফেস পাউডার ও ট্যালকম পাউডার। মুখে মার্জিত ভাব তৈরির কাজে পাউডার ব্যবহার হয়। এছাড়া ট্যালকম পাউডার ভ্রু প্লাক, আপার লিপ প্লাক ও থ্রেডিং কাজে ব্যবহার করা হয় |  |
| **শ্যাম্পু**: চুলের পরিসেবার করার আগে বা কোন সার্ভিস প্রদান করার আগে চুলের রুক্ষতা দূরা, ময়লা পরিষ্কার করা এবং চুল সফট করার জন্য শ্যাম্পু ব্যবহার করা হয়। |  |
| **কন্ডিশনার**: কন্ডিশনার সাধারণত চুল ধোয়ার দ্বিতীয় ধাপ। কন্ডিশনার চুলকে নরম করে এবং সহজে ম্যানাজ করতে সহায়তা করে। এটি চুলের গঠন/খাদকে ক্ষতির হাত থেকেও রক্ষা করে। চুল স্বাস্থ্যকর এবং চকচকে (সাইনি) করার জন্য কন্ডিশনার অপরিহার্য। |  |
| **তুলা:** চুলের রং লাগানোর আগে চামড়ায় রং লেগে যাওয়া রোধ করতে তুলা ব্যবহার করা হয়। চুলে কোনো রং বা অন্যান্য পদার্থ লেগে গেলে তা পরিষ্কার করতে তুলা ব্যবহার করা হয়। ছোট ছোট কাজে, যেমন চোখের আশেপাশের অংশ পরিষ্কার করা ইত্যাদি। |  |
| **পানি ও গোলাপজল:** ক্লায়েন্ট এর চুল কাটার জন্য শ্যাম্পু করার সময় নরমাল তাপমাত্রার পানি এবং স্প্রে গানে গোলাপজল মেশানো পানি ব্যবহার করা হয়। |  |

## সেলফ চেকলিষ্ট ( Self -Check)-1: হেয়ার কাট কাজের জন্য প্রস্তুতি নেওয়া।

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা :- উপরোক্ত ইনফরমেশন শিট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

**ক.** সঠিক উত্তর দিয়ে শূণ্যস্থান পূরণ করুন:

১. হেয়ার কাট এপ্রোন ............... পড়াতে হবে।
২. নেক এরিয়া সমান করার সময় ............ ব্যবহৃত হয়।
৩. বেশিরভাগ চুলের কাটিং কৌশলগুলোর জন্য ......... ব্যবহার করা হয়।
৪. ক্লায়েন্ট এর চুল কাটার জন্য কাস্টমারকে নির্দিষ্ট ........... বসাতে হয়।

**খ.** নিম্ন লিখিত টুলসগুলোর নাম ও ব্যবহার লিখুন:

| ক্রমিক নং | টুলস্ এর ছবি | নাম | ব্যবহার |
|---|---|---|---|
| ১. |  | | |
| ২. |  | | |
| ৩. |  | | |
| ৪. |  | | |

**গ.সংক্ষিপ্ত উত্তর লিখুন**

১. ক্লায়েন্ট এর চুল কাটার সময় কোন ধরণের আয়না ব্যবহার করা হয়?

**উত্তর:**

২. ক্লায়েন্ট এর চুল কাটার কাষ্টমার এর প্রটেকটিভ উপকরণ কোনটি?

**উত্তর:**

৩. ক্লায়েন্ট এর চুল কাটার জন্য শ্যাম্পু করার সময় কোন ধরনের পানি ব্যবহার করা হয়?

**উত্তর:**

## উত্তরপত্র ( Answer Key)- ১: হেয়ার কাট কাজের জন্য প্রস্তুতি নেওয়া।

**ক.** সঠিক উত্তর দিয়ে শূণ্যস্থান পূরণ করুন:

১. হেয়ার কাট এপ্রোন ............... পড়াতে হবে। উত্তর : কাষ্টমারকে ।

২. নেক এরিয়া সমান করার সময় ............ ব্যবহৃত হয়। উত্তর : ট্রিমার।

৩. বেশিরভাগ চুলের কাটিং কৌশলগুলোর জন্য ......... ব্যবহার করা হয়। উত্তর : ৪ থেকে ৫.৫ ইঞ্চি বেল্টযুক্ত কাঁচি।

৪. ক্লায়েন্ট এর চুল কাটার জন্য কাস্টমারকে নিদিষ্ট ........... বসাতে হয়। উত্তর : হেয়ার কাট চেয়ার।

### খ.নিম্ন লিখিত টুলসগুলোর নাম ও ব্যবহার লিখুন:

| ক্রমিক নং | টুলস্ এর ছবি | নাম | ব্যবহার |
|---|---|---|---|
| ১. |  | সেটিং ক্লিপ | চুল ডিজাইন করার ক্ষেত্রে বা চুল কাটিং এর ক্ষেত্রে চুলকে সেকশন করে সেটিং ক্লিপ দিয়ে আটকিয়ে রাখার জন্য সেটিং ক্লিপ ব্যবহার করা হয়। এতে করে চুলের সেইপ সুন্দর ভাবে কাটা যায়। |
| ২. |  | স্প্রে গান | পানির বোতল এটি প্লাস্টিক বা কাঁচের বোতল হয়ে থাকে। এটি চুল ভিজানোর কাজে ব্যবহার করা হয়। |
| ৩. |  | সুইভেল কাঁচি | সেলুনে দীর্ঘ সময় আপনার কব্জি এবং হাতগুলিতে প্রচুর চাপ এবং টান চাপিয়ে দিতে পারে। আপনার সংগ্রহে সুইভেল কাঁচি যুক্ত করা আপনার মূল্যবান হাত থেকে ব্যথা উপশত্রের এক দুর্দান্ত সমাধান হতে পারে। নিয়মিত হেয়ার ড্রেসিং কাঁচি আপনার থাম্বটিকে একটি একক অবস্থানে আটকে দেয় এবং এটি কিছুক্ষণ পরে বেদনাদায়ক হয়ে উঠতে পারে। সুইভেল কাঁচিগুলি একটি ঘোরানো থাম্ব রিংয়ের সাথে ডিজাইন করা হয়েছে, যা তাদের পরিচালনা ও নিয়ন্ত্রণের সময় নমনীয়তা দেয়। |
| ৪. |  | প্রশস্ত দাঁত পাতলা কাঁচি | অল্প সংখ্যক দাঁত দিয়ে তৈরি পাতলা কাঁচিগুলি আপনার কিটে থাকা আবশ্যক। এই ধরণের পাতলা চুলের অংশগুলি পাতলা করার জন্য ডিজাইন করা হয়েছে। পাতলা কাঁচিগুলিতে অল্প সংখ্যক দাঁত প্রতিটি সিড়বপ দিয়ে সম্পূর্ন মাথায় আগা ফাটা থাকলে এই কাচি ব্যবহার করা হয়। লেয়ার চুলের ট্রিমিয় করার সময় এটি ব্যবহার করা যায়। |

### গ.সঠিক সংক্ষিপ্ত উত্তর লিখুন

১. ক্লায়েন্ট এর চুল কাটার সময় কোন ধরণের আয়না ব্যবহার করা হয়?

**উত্তর:** ক্লায়েন্ট এর চুল কাটার জন্য সমতল আয়না ব্যবহার করা হয়।

২. ক্লায়েন্ট এর চুল কাটার কাষ্টমার এর প্রটেকটিভ উপকরণ কোনটি?

**উত্তর:** ক্লায়েন্ট এর চুল কাটার কাষ্টমার এর প্রটেকটিভ উপকরণ হেয়ার কাট এপ্রোন।

৩. ক্লায়েন্ট এর চুল কাটার জন্য শ্যাম্পু করার সময় কোন ধরনের পানি ব্যবহার করা হয়?

**উত্তর:** ক্লায়েন্ট এর চুল কাটার জন্য শ্যাম্পু করার সময় নরমাল তাপমাত্রার পানি এবং স্প্রে গানে গোলাপজল মেশানো পানি ব্যবহার করা হয়।

## টাস্কশীট (Task Sheet)-১.১: ছবি দেখে চুল কাটার যন্ত্রপাতি সনাক্ত করা

| | |
|---|---|
| কাজের নাম | ছবি দেখে চুল কাতার যন্ত্রপাতি সনাক্ত করা |
| কাজের উদ্দেশ্য | ১. চুল কাটা বা স্টাইলিং করার জন্য ব্যবহৃত যন্ত্রপাতি সনাক্ত এবং চিহ্নিত করা।<br>২. ব্যবহারকারীকে চুল কাটার জন্য সঠিক যন্ত্রপাতি ব্যবহারের গুরুত্ব বুঝানো। |
| প্রয়োজনীয় পিপিই | এপ্রোন, গ্লাভস, ফেস মাস্ক। |
| প্রয়োজনীয় টুলস | কাগজ, কলম, পেনসিল, রাবার। |
| কাজের ধাপসমূহ/পদ্ধতি | ১. নিচের টেবিল থেকে ছবি দেখে যন্ত্রপাতির নাম লিখুন |

| যন্ত্রপাতির নাম | চিত্র |
|---|---|
| |  |
| |  |
| |  |
| |  |

| | |
|---|---|
| |  |
| |  |
| |  |
| | Kemei |
| |  |

| | |
|---|---|
| |  |
| | © Can Stock Photo |
| |  |
| |  |
| |  |
| |  |
| |  |
| |  |
| |  |

## শিখনফল (Learning Outcome)- ২ : ক্লায়েন্টকে তৈরী করতে পারবে

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. হেয়ার ক্যাটালগ অনুযায়ী হেয়ার রিমুভিংর স্টাইল নির্বাচন এবং সম্মত করতে সক্ষম হয়েছে ।<br>২. ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করতে সক্ষম হয়েছে।<br>৩. ক্লায়েন্টের বডি এবং উচ্চতা অনুযায়ী ফেসের টাইপ, হেড, দৈর্ঘ্য এবং প্রস্থের মূল্যায়ন করতে সক্ষম হয়েছে।<br>৪. চুলের টেক্সচার স্টাইলের প্রয়োজনীয়তা এবং পরিচালনার জন্য কাটার ধরণ অনুযায়ী বিশ্লেষণ করতে সক্ষম হয়েছে।<br>৫. প্রতিরক্ষামূলক পোশাক সরবরাহ এবং ব্যবহার করতে সক্ষম হয়েছে। |
| শর্ত ও রিসোর্স | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস |
| বিষয়বস্তু | ১. হেয়ার ক্যাটালগ অনুযায়ী হেয়ার রিমুভিংয়ের স্টাইল নির্বাচন<br>▪ মহিলাদের কাটিং ক্যাটালগ<br>▪ বাচ্চাদের কাটিং ক্যাটালগ<br>২. ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করতে পারবে<br>▪ হেয়ার ব্যান্ড<br>▪ কানের দুল<br>৩. ক্লায়েন্টের বডি এবং উচ্চতা অনুযায়ী ফেসের টাইপ, হেড, দৈর্ঘ্য এবং প্রস্থের মূল্যায়ন করা<br>৪. ফেসের টাইপ<br>▪ আয়তাকার বা প্রসারিত<br>▪ ইনভার্টেড/পিয়ার<br>▪ হার্ট<br>▪ ডিম্বাকার<br>▪ ত্রিভুজ<br>▪ স্কয়ার<br>▪ ডায়মন্ড<br>▪ গোলাকার<br>৫. চুলের টেক্সচার স্টাইলের প্রয়োজনীয়তা এবং পরিচালনার জন্য কাটার ধরণ অনুযায়ী বিশ্লেষণ করা<br>▪ সূক্ষ্ম<br>▪ মাঝারি<br>▪ মোটা<br>▪ তারের মতো<br>৬. প্রতিরক্ষামূলক পোশাক সরবরাহ এবং ব্যবহার<br>▪ বাথ টাওয়েল<br>▪ ফেস টাওয়েল<br>▪ হেড ব্যান্ড |

| | |
|---|---|
| | ▪ অ্যাপ্রন |
| এক্টিভিটি | ১. কাস্টমারের প্রয়োজনীয়তা অনুযায়ী সঠিক চুল কাটার বা স্টাইলিং পদ্ধতি চিহ্নিত করা |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৪. পোর্টফলিও (Portfolio) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২ : ক্লায়েন্টকে তৈরী করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের “ক্লায়েন্ট প্রস্তুত করা” শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ২ : ক্লায়েন্ট প্রস্তুত করা |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>টাস্কশীট ২.১ : কাস্টমারের প্রয়োজনীয়তা অনুযায়ী সঠিক চুল কাটার বা স্টাইলিং পদ্ধতি চিহ্নিত করা |

## ইনফরমেশন শীট (Information Sheet) ২: ক্লায়েন্টকে তৈরী করা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

২.১. হেয়ার ক্যাটালগ অনুযায়ী হেয়ার রিমুভিংয়ের স্টাইল নির্বাচন
২.২. ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করতে পারবে
২.৩. শেইপ অব ক্লায়েন্ট ফেস সম্পর্কে জ্ঞান অর্জন করবে এবং কর্মক্ষেত্রে তা প্রয়োগ
২.৪. চুলের টেক্সচার স্টাইলের প্রয়োজনীয়তা এবং পরিচালনার জন্য কাটার ধরণ অনুযায়ী বিশ্লেষণ করা
২.৫. হেয়ার কাটের জন্য নিজের এবং কাষ্টমারের প্রোটেক্টিভ ক্লোথিং সম্পর্কে জানা এবং ব্যবহার

### ২.১. হেয়ার ক্যাটালগ অনুযায়ী হেয়ার রিমুভিংয়ের স্টাইল নির্বাচন

ক্লায়েন্টকে স্বাগত জানিয়ে নির্ধারিত জায়গায় বসতে দিতে হবে। তারপর তার সাথে চুলের স্টাইল এবং হেয়ার ক্যাটালগ নিয়ে আলোচনা করুন।

**হেয়ার ক্যাটালগ:** চুলের স্টাইল এবং মডেলদের ছবি সম্বলিত বই বা পৃষ্ঠাকেই সাধারণত হেয়ার ক্যাটালগ বলা হয়। এখানে চুলের বিভিন্ন স্টাইলের/কাটিং এর ছবি দেওয়া থাকে। মডেলদের ছবি থাকার কারনে ক্যাটালগ দেখে ক্লায়েন্ট সহজেই অনুমান করতে পারে কোন স্টাইলে তাকে সুন্দর দেখাবে।

**সাধারণত দুই ধরনের হেয়ার ক্যাটালগ ব্যবহার করা হয়**

<table>
<tr>
<td>ক. লেডিস হেয়ার কাট ক্যাটালগ: চুলের কাটের ওপর মানুষের ব্যাক্তিত্ব নির্ভর করে।বিশেষ করে নারীদের চুলের বাহারি কাটে তার সৌন্দর্য ফুটে ওঠে। মেয়েরা তাদের চুলের সৌন্দর্য নানা ভাবে ফুটিয়ে তুলতে বিভিন্ন ভাবে তা কেটে থাকেন। মূলত হেয়ার কাট দেওয়ার সময় খেয়াল রাখতে হবে কোন ধরনের কাট চুল, চেহারার আকৃতি ও বয়সের সঙ্গে মানাচ্ছে। তবে সময় পরিবর্তনের সঙ্গে সঙ্গে বদল হয় হেয়ার কাট। তাই কাট দেওয়ার ক্ষেত্রে সময়োপযোগী ফ্যাশনটিই বেছে নেওয়া দরকার।</td>
<td>
</td>
</tr>
<tr>
<td>খ. কিডস হেয়ার কাট ক্যাটালগ: বাচ্চদের চুলের বাহারি কাটে তার সৌন্দর্য ফুটে ওঠে। মূলত হেয়ার কাট দেওয়ার সময় খেয়াল রাখতে হবে কোন ধরনের কাট চুল, চেহারার আকৃতি ও বয়সের সঙ্গে মানাচ্ছে। তবে সময় পরিবর্তনের সঙ্গে সঙ্গে বদল হয় হেয়ার কাট। তাই কাট দেওয়ার ক্ষেত্রে সময়োপযোগী ফ্যাশনটিই বেছে নেওয়া দরকার।</td>
<td>
</td>
</tr>
</table>

## ২.২. ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করতে পারবে

### ব্যক্তিগত পরিধেয় জিনিসপত্র (অলংকার/গহণা)



হেয়ার কাট করার সময় ক্লায়েন্টকে প্রস্তুত করার জন্য খেয়াল রাখতে হবে যে ক্লায়েট মাথায় এবং কানে কোন অলংকার/গহণা পরিধান করে আছে কিনা। কোন অলংকার/গহণা থাকলে অবশ্যই ক্লায়েন্টের অনুমতি পূর্বক তা খুলে নিরাপদে রাখতে হবে এবং ক্লায়েন্টকে নিশ্চিত করুন যে, অলংকার/গহণা নিরাপদে থাকবে এবং কাজ শেষ হলে তাকে পুনরায় ফেরত দেওয়া হবে।

| | |
|---|---|
| **হেয়ার ব্যান্ড:** সাধারণত বিউটি পার্লারে চুল কাটতে আসার সময় ক্লায়েন্টের মাথায় বিভিন্ন ধরনের ব্যান্ড বা ক্লিপ থাকে। এসব সরিয়ে না নিলে ক্লায়েন্ট এর চুল কাটা অসম্ভব হয়ে পরে। তাই একটি গুরুত্বপূর্ণ বিষয় হল ক্লায়েন্টের মাথা থেকে হেয়ার ব্যান্ড সরিয়ে নেওয়া। অবশ্যই লক্ষ্য রাখতে হবে ক্লায়েন্ট যাতে ব্যাথা না পান। |  |
| **এয়ার রিং/কানের দুল:** সরাসরি ক্লায়েন্ট এর চুল কাটার সময় কানের দুল বাধার সৃষ্টি না করলেও দুর্ঘটনাবসত কাঁচি বা চিরুনি কানের দুলে লাগলে বা আটকে গেলে ক্লায়েন্ট ব্যাথা পাবেন এমনকি কানে বড় রকমের সমস্যা হতে পারে। এজন্য ক্লায়েন্ট এর চুল কাটার সময় অবশ্যই কানের দুল খুলে নিতে হবে। |  |
| **চশমা:** সরাসরি ক্লায়েন্ট এর চুল কাটার সময় চোখের চশমা বাধার সৃষ্টি না করলেও দুর্ঘটনাবসত কাঁচি বা চিরুনি চশমায় লাগলে বা আটকে গেলে ক্লায়েন্ট ব্যাথা পাবেন এমনকি চোখে বড় রকমের সমস্যা হতে পারে। এজন্য ক্লায়েন্ট এর চুল কাটার সময় অবশ্যই চশমা খুলে নিতে হবে। |  |

## ২.৩. শেইপ অব ক্লায়েন্ট ফেস সম্পর্কে জ্ঞান অর্জন করবে এবং কর্মক্ষেত্রে তা প্রয়োগ

মুখাকৃতি অনুযায়ী হেয়ারকাট নির্বাচনের ক্ষেত্রে আটটি ধরন বিস্তারিতভাবে শেখা দরকার। তা এখানে আলোচিত হয়েছে

| | |
|---|---|
| **রেক্টেঙ্গেল শেপ:** আয়তক্ষেত্রাকার মুখমন্ডলকে কখনও কখনও আয়তাকার বলা হয় এবং এগুলি একটি বর্গাকার আকৃতির মুখের মতো তবে প্রশস্ততার চেয়ে দীর্ঘ হয়ে থাকে। এসব মুখমন্ডলের কপাল, গাল এবং চোয়ালের রেখা প্রায় একই প্রস্থের হয় এবং চিবুক খুব সামান্য বক্রাকার। |  |
| **ইনভার্টেড/পিয়ার:** এই আকৃতির মুখমন্ডল চোয়ালের প্রশস্ত বিন্দুগুলি চুলের রেখার প্রশস্ত বিন্দুর চেয়ে সামান্য প্রশস্ত। যদিও এটি একটি সুন্দর আকৃতি, এই আকৃতির মুখটি একটি কঠিন হতে যদি না সঠিক স্টাইলটি নির্ধারন করা যায়। |  |
| **হার্ট শেপ:** হার্ট শেপের মুখে কপাল খুব চওড়া আর চিবুকের দিকটা সরু হয়ে থাকে। এধরনের মুখের সাথে শর্ট হেয়ারকাট বেশী মানায়। যেমন: শর্ট বব, ডায়না কাট ইত্যাদি। এমনভাবে চুল কাটতে হবে যেন দুই চোয়ালের পাশে ভল্যুম তৈরী হয়। শর্ট ব্যাঙ্গাস, শর্ট বব, লংওয়েভ চুল কাটলে সুন্দর দেখায়। |  HEART |
| **ওভাল শেপ:** ওভাল হলো একটি আদর্শ শেপ যেখানে সব ধরনের হেয়ারকাট মানিয়ে যায়। তবে ক্লায়েন্টের বয়স, ব্যাক্তিত্ব ও পছন্দের ব্যাপারটিও মাথায় রাখা দরকার। আর মুখের উপরে চুল পড়ে ওভাল শেপ না ঢেকে যায় এমন হেয়ারকাট নির্বাচন করলেই ভালো। বয় কাট, শর্ট লেয়ার, শর্ট মেসিকাট দিলে সুন্দর দেখায়। |  OVAL |
| **ট্রায়েঙ্গুলার:** এই আকৃতি বা শেপটি সাধারণত কপালে সরু এবং চোয়ালে চওড়া হয়। ট্রায়েঙ্গুলার আকৃতির মুখ হল একটি হার্টশেপ আকৃতির বিপরীত। |  Triangle shape |

| | |
|---|---|
| **স্কয়ার শেপ:** স্কয়ার আকৃতির মুখে এমনভাবে চুল কাটতে হবে যাতে গালের দুইপাশের বাড়তি চোয়াল ঢাকা পড়ে যায় এবং কপালের পার্শ্ব-দৈর্ঘ্য কমিয়ে আনা যায়। সামনের দিকে অ্যাঙ্গেল্ড ব্যাঙস এবং লং লেয়ার করানো ভালো। পেছনের চুল চাইলে লম্বা রাখা যায়। রাউন্ড বব, ভলিউম কাট, লং কাট সুন্দর দেখায়। | <br>SQUARE |
| **ডায়মন্ড শেপ:** এই মুখাকৃতিতে কপাল সরু থাকে। তাই কপালের উচ্চতাকে কমাতে হবে। কপালের সামনে চুল ছোট করে কাটতে হবে। যেমন: অ্যাঙ্গেল্ড ব্যাঙস বা স্ট্রেইট কাট। পিছনে চুল লম্বা রাখতে পারবে। | <br>Diamond shape |
| **রাউন্ড শেপ:** রাউন্ড আকৃতির মুখের সাথে এমন হেয়ারকাট **করুন** যাতে মুখের উচ্চতা বাড়ে এবং প্রস্থ কমে। শুধু সামনের দিকের চুলের জন্য লং ব্যাঙস বা লং লেয়ার করা ভালো। পুরো চুলে গ্রাজুয়েটেড বব, লং ফিঞ্জ এসবই বেশী প্রযোজ্য হবে।শর্ট লেয়ার সোল্ডার পর্যন্ত, লং ব্যাঙ্গাস সোল্ডার পর্যন্ত, শর্ট লেয়ার সোল্ডার পর্যন্ত  কাটলে সুন্দর দেখায়। | <br>ROUND |

## ২.৪. চুলের টেক্সচার স্টাইলের প্রয়োজনীয়তা এবং পরিচালনার জন্য কাটার ধরণ অনুযায়ী বিশ্লেষণ করা


স্টাইল এবং কাটার ধরন অনুযায়ী চুলের গঠন বিশ্লেষণ করা এবং কাটিং এর প্রকার আলোচনা।

**চুলের গঠন**

টেক্সার হচ্ছে চুলের গঠন। সঠিক হেয়ার স্টাইল নির্বাচন করা জন্য চুলের গঠন সম্পর্কে ধারণা থাকা আবশ্যক।

**সাধারণ ০৪ (চার) ধরনের চুলের গঠন দেখা যায়**

ক. ফাইন/সূক্ষ্ম বা চিকন
খ. মিডিয়াম / মাঝারি
গ. কোয়ার্স/ মোটা
ঘ. ওয়ারি/ তারের মতো

| | |
|---|---|
| **ফাইন/ সূক্ষ্ম বা চিকন চুলঃ** ফাইন টেক্সারের চুল অন্যান্য চুলের তুলনায় তৈলাক্ত হয়। ফাইন চুলের গঠন সূক্ষ্ম এবং স্পর্শে সিল্কি বোধ করে। ঘন চুলের গঠনের থেকে সূক্ষ্ম গঠন চুলের মাথায় তুলনামূলকভাবে বেশী চুল থাকে। এগুলো ভঙ্গুর গঠনের এবং খুব সহজে ক্ষতিগ্রস্ত হতে পারে। যেহেতু প্রতিটি চুলে/স্ট্রান্ডে কম প্রোটিন থাকে, এটি কার্ল বা ভলিউম বেশী করে ধরে রাখতে পারে না। এগুলো লম্বা, নড়বড়ে এবং পাতলা হয়। |  |
| **মিডিয়াম/মাঝারী:** সাধারণ চুলের গঠনকেই মিডিয়াম টেক্সার চুল বলা হয়। মিডিয়াম বা মাঝারী টেক্সারের চুল সাধারণত পুরু দেখায় এবং মাথার ত্বক ভালোভাবে ঢেকে রাখে। এগুলো ফাইন টেক্সারের চুলের মত ভঙ্গুর নয়, তবে হিট স্টাইলিং সরঞ্জামগুলির অত্যাধিক ব্যবহারে ঝুকিপূর্ণ হতে পারে। মাঝারি টেক্সারের সাধারণত দুইটি স্তর থাকে - কর্টেক্স এবং কিউটিকল। মাঝারি টেক্সারের চুলে কোন স্টাইল করলে তা মোটমুটি ভালোভাবে ধরে রাখে। এগুলো ফাইন টেক্সারের মত ভঙ্গুর প্রকৃতির নয়। |  |
| **কোয়ার্স/মোটা :** গঠনগত দিক থেকে সবচেয়ে শক্তিশালী চুল হল মোট টেক্সারের চুল। এই চুলে তিনটি স্তরের সবগুলোই - কর্টেক্স, কিউটিকল এবং মেডুলা রয়েছে। মেডুলা চুলের সবথেকে ভিতরের স্তর। মেডুলা বেশীরভাগ বায়ু এবং প্রোটিনে ভরা। গঠনগত কারনে মোট বলে এই চুল শুকাতে অনেক বেশী সময় নেয় এবং বিভিন্ন ধরনের ক্যামিকেল ট্রিটমেন্ট প্রতিরোধ করতে পারে। এটি তাপ ভালোভাবে সহণীয়, এবং ফাইন ও মিডিয়াম চুলের তুলনায় কম ভঙ্গুর। |  |
| **উইরি (কিঙ্কি):** খুবই ভঙ্গুর এবং শক্তভাবে কুন্ডলী করা। এই টেক্সারের চুলকে কার্লিও বলা হয়। এগুলো গুচ্ছের মধ্যে আটসাট ভাবে থাকে এবং অন্যান্য টেক্সারের তুলনায় বেশী যত্নের দরকার হয়। এছাড়াও ভিন্ন প্রকৃতির কেয়ার প্রোডাক্টের প্রয়োজন হয়, বিশেষকরে ময়েশ্চার এবং আদ্রতার ব্যাপারে। চুলের টেক্সার বিশ্লেষণ করার পরবর্তী ধাপ হল কি ধরনের কাটিং করা হবে তা নির্ধারণ করা। |  |

## ২.৫. হেয়ার কাটের জন্য নিজের এবং কাষ্টমারের প্রোটেক্টিভ ক্লোথিং সম্পর্কে জানা এবং ব্যবহার

### প্রটেকটিভ ক্লোথিং/প্রতিরক্ষামূলক পোশাক

হেয়ার কাট কাজের সময় ক্লায়েটকে যেকোন ধরনের সাম্ভাব্য আঘাত বা ইনফেকশন থেকে রক্ষা করার জন্য তাকে প্রতিরক্ষামূলক পোশাক বা প্রটেকটিভ ক্লোথিং সরবরাহ করুন। বিশেষত লক্ষ্য রাখতে হবে ক্লায়েন্ট যাতে কোন প্রকার অস্বস্তি বোধ না করে। তিনি যেন প্রটেক্টিভ ক্লোথিং পরিধান করা অবস্থায় স্বস্তিতে থাকেন। হেয়ার কাট করার কাজে প্রটেক্টিভ ক্লোথিং এর মধ্যে রয়েছে

| | |
|---|---|
| **বাথ টাওয়েল:** বাথ টাওয়েল বা স্নানের টাওয়েল স্নানের পর শরীর শুকিয়ে নেওয়ার জন্য ব্যবহৃত হয়। এটি সাধারণত তোয়ালে সুতি বা মাইক্রোফাইবার দিয়ে তৈরি হয়। বাথ টাওয়েলের বিভিন্ন আকার, রং এবং মানের পাওয়া যায়। |  |
| **ফেস টাওয়েল:** ফেস টাওয়েল হলো একটি ছোট আকারের তোয়ালে যা মুখ মোছার জন্য ব্যবহৃত হয়। এটি সাধারণত সুতি বা মাইক্রোফাইবার দিয়ে তৈরি হয় এবং নরম ও শোষণক্ষম হয়। স্নানের পর, মেকআপ পরিষ্কার করার সময় বা শুধুমাত্র মুখ ধোয়ার পর মুখ মোছার জন্য ফেস টাওয়েল ব্যবহার করা হয়। |  |
| **হেড ব্যান্ড:** হেড ব্যান্ড হলো মাথার চারপাশে বাঁধার মতো একটি আনুষঙ্গিক জিনিস যা চুলকে সামলে রাখতে এবং স্টাইলকে আরও আকর্ষণীয় করতে ব্যবহৃত হয়। এটি বিভিন্ন আকার, রং, এবং উপাদানে পাওয়া যায় এবং বিভিন্ন ধরনের চুল এবং স্টাইলের সাথে মানানসই হতে পারে। |  |
| **এপ্রোন:** এপ্রোন হলো একটি পোশাক যা শরীরের উপরের অংশকে ঢেকে রাখে এবং রান্না করার সময় বা অন্যান্য কাজ করার সময় পোশাককে দাগ বা ময়লা থেকে রক্ষা করে। এটি সাধারণত সুতি, পলিয়েস্টার বা অন্যান্য টেকসই উপাদান দিয়ে তৈরি হয়। |  |

## সেলফ চেক শিট ( Self Check Sheet) ২: ক্লায়েন্টকে তৈরী করা

নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিয়ে আপনার জানা পরীক্ষা করুন:

সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর লিখুন।

প্রশ্ন-১: সাধারণত কত ধরনের হেয়ার ক্যাটালগ ব্যবহার করা হয়?
উত্তর:

প্রশ্ন-২: মুখাকৃতি বা ফেস শেইপ কত প্রকার এবং কি কি?
উত্তর:

প্রশ্ন-৩: চুলের গঠন কত প্রকার ও কি কি?
উত্তর:

প্রশ্ন-৪: চুলের টেক্সার/গঠন মিডিয়াম/মাঝারী বলতে কি বোঝ?
উত্তর:

প্রশ্ন-৫: হেয়ার কাট করার জন্য কি কি প্রটেক্টিভ ক্লোথিং ব্যবহার করা হয়?
উত্তর:

## উত্তর পত্র (Answer Key) ২: ক্লায়েন্টকে তৈরী করা

**প্রশ্ন-১: সাধারণত কত ধরনের হেয়ার ক্যাটালগ ব্যবহার করা হয়?**

**উত্তর:**

১. লেডিস হেয়ার ক্যাটালগ
২. কিডস হেয়ার ক্যাটালগ

**প্রশ্ন-২: মুখাকৃতি বা ফেস শেইপ কত প্রকার এবং কি কি?**

**উত্তর:** ফেস শেইপ আট প্রকার:

১. রেক্টেঙ্গেল শেইপ
২. ইনভার্টেড/পিয়ার
৩. হার্ট শেইপ
৪. রাউন্ড শেপ
৫. ওভাল শেপ
৬. ট্রায়েঙ্গুলার
৭. স্কয়ার শেপ
৮. ডায়মন্ড শেপ

**প্রশ্ন-৩: চুলের গঠন কত প্রকার ও কি কি?**

**উত্তর:** সাধারণ ০৪ (চার) ধরনের চুলের গঠন দেখা যায়ঃ

১. ফাইন/সূক্ষ্ম বা চিকন
২. মিডিয়াম
৩. কোয়ার্স
৪. ওয়ারি

**প্রশ্ন-৪: চুলের টেক্সার/গঠন মিডিয়াম/মাঝারী বলতে কি বোঝ?**

**উত্তর:** সাধারণ চুলের গঠনকেই মিডিয়াম টেক্সার চুল বলা হয়। মিডিয়াম বা মাঝারী টেক্সারের চুল সাধারণত পুরু দেখায় এবং মাথার ত্বক ভালোভাবে ঢেকে রাখে। এগুলো ফাইন টেক্সারের চুলের মত ভঙ্গুর নয়, তবে হিট স্টাইলিং সরঞ্জামগুলির অত্যাধিক ব্যবহারে ঝুকিপূর্ণ হতে পারে। মাঝারি টেক্সারের সাধারণত দুইটি স্তর থাকে - কর্টেক্স এবং কিউটিকল। মাঝারি টেক্সারের চুলে কোন স্টাইল করলে তা মোটমুটি ভালোভাবে ধরে রাখে। এগুলো ফাইন টেক্সারের মত ভঙ্গুর প্রকৃতির নয়।

**প্রশ্ন-৫: হেয়ার কাট করার জন্য কি কি প্রটেক্টিভ ক্লোথিং ব্যবহার করা হয়?**

**উত্তর:** হেয়ার কাট করার কাজে প্রটেক্টিভ ক্লোথিং এর মধ্যে রয়েছেঃ

১. বাথ টাওয়েল
২. ফেস টাওয়েল
৩. হেড ব্যন্ড
৪. এপ্রোন

## টাস্কশীট ( Task Sheet) ২.১ : কাস্টমারের প্রয়োজনীয়তা অনুযায়ী সঠিক চুল কাটার বা স্টাইলিং পদ্ধতি চিহ্নিত করা

| | |
|---|---|
| কাজের নাম | কাস্টমারের প্রয়োজনীয়তা অনুযায়ী সঠিক চুল কাটার বা স্টাইলিং পদ্ধতি চিহ্নিত করা |
| কাজের উদ্দেশ্য | ১. কাস্টমারের চুলের টেক্সচার এবং ধরন বুঝে সঠিক চুল কাটার পদ্ধতি এবং স্টাইল বেছে নেওয়া।<br>২. কাস্টমারের চুলের সমস্যা, প্রয়োজনীয়তা এবং আকাঙ্ক্ষা অনুযায়ী সেবা প্রদান করা। |
| প্রয়োজনীয় পিপিই | ১. অ্যাপ্রন<br>২. গ্লোভস<br>৩. মাস্ক |
| কাজের ধাপসমূহ/পদ্ধতি | ১. প্রথমে কাস্টমারের চুলের ধরণ এবং টেক্সচার পর্যালোচনা করুন<br>২. কাস্টমারের চুলের স্বাস্থ্য এবং গুণমান বিশ্লেষণ করুন<br>৩. চুলের ধরন এবং টেক্সচারের উপর ভিত্তি করে সঠিক শ্যাম্পু বা কন্ডিশনার নির্বাচন করুন।<br>৪. কাস্টমারের প্রয়োজনীয়তা অনুযায়ী সঠিক চুল কাটার বা স্টাইলিং পদ্ধতি চিহ্নিত করুন। |



## শিখনফল (Learning Outcome)- ৩ : চুল কাটতে পারবে

| | |
|---|---|
| **অ্যাসেসমেন্ট মানদন্ড** | ১. সেলুন পদ্ধতি অনুসরণ করে চুল শ্যাম্পু এবং কন্ডিশন করতে সক্ষম হয়েছে।<br>২. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে চুল হালকা শুকাতে সক্ষম হয়েছে।<br>৩. চুল সেকশন করতে সক্ষম হয়েছে।<br>৪. নির্বাচিত হেয়ার কাট স্টাইল এবং গ্রহণযোগ্য পদ্ধতি অনুসারে হেয়ার কাট করতে সক্ষম হয়েছে।<br>৫. ব্লো ড্রাই দিয়ে চুল সেটিং করতে সক্ষম হয়েছে। |
| **শর্ত ও রিসোর্স** | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস |
| **বিষয়বস্তু** | ১. সেলুন পদ্ধতি অনুসরণ করে চুল শ্যাম্পু এবং কন্ডিশন করা<br>২. চুল হালকা শুকানো<br>৩. চুল সেকশন করা<br>৪. নির্বাচিত হেয়ার কাট স্টাইল এবং গ্রহণযোগ্য পদ্ধতি অনুসারে হেয়ার কাট করা<br>৫. হেয়ার কাট স্টাইল<br>▪ স্ট্রেইট কাট ( লং স্ট্রেইট কাট, শর্ট স্ট্রেইট কাট)<br>▪ ইউ কাট<br>▪ ভি কাট<br>▪ লেয়ারড কাট<br>▪ লং লেয়ারড কাট<br>▪ শর্ট লেয়ারড কাট<br>▪ স্টেপ কাট<br>▪ ব্লান্ট কাট<br>▪ বয় কাট<br>▪ ফ্রন্ট হেয়ার কাট<br>৬. ব্লো ড্রাই দিয়ে চুল সেটিং করা |
| **এক্টিভিটি/টাস্ক/জব** | ১. ক্লায়েন্ট এর চুল সোজা কাট দেয়া |
| **প্রশিক্ষণ পদ্ধতি** | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| **অ্যাসেসমেন্ট পদ্ধতি** | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

| | |
|---|---|
| | ৪. পোর্টফলিও (Portfolio) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৩ : ক্লায়েন্ট এর চুল কাটা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ১. প্রশিক্ষণার্থীগণকোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষনার্থীদের "ক্লায়েন্ট এর চুল কাটা" শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ৩ : হেয়ার কাট সম্পাদন করা। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ৩ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৩ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>জব শীট ৩.১: ক্লায়েন্ট এর চুল সোজা কাট দেয়া |

## ইনফরমেশন শীট (Information Sheet)-৩: ক্লায়েন্ট এর চুল কাটা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

৩.১. সেলুন পদ্ধতি অনুসরণ করে চুল শ্যাম্পু এবং কন্ডিশন করা
৩.২. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে চুল হালকা শুকানো
৩.৩. চুল সেকশন করা
৩.৪. নির্বাচিত হেয়ার কাট স্টাইল এবং গ্রহণযোগ্য পদ্ধতি অনুসারে হেয়ার কাট করা
৩.৫. ব্লো ড্রাই দিয়ে চুল সেটিং করা

### ৩.১. সেলুন পদ্ধতি অনুসরণ করে চুল শ্যাম্পু এবং কন্ডিশন করা

অপরিষ্কার চুলে ভাল হেয়ারকাটিং সম্ভব নয়। তাই কাজ ধরার পূর্বে ভালোভাবে চুলে শ্যাম্পু ও কন্ডিশনিং করা দরকার। অতিরিক্ত ময়লা চুলে দুইবার শ্যাম্পু করে কন্ডিশনার লাগাতে হবে। চুল মোছার ক্ষেত্রে তোয়ালের ভেতরে চুল রেখে চাপ প্রয়োগের মাধ্যমে পানি নিংরে নিতে হবে। কিন্তু চুল ঝেড়ে পানি ঝরানো যাবে না। তাতে চুল ক্ষতিগ্রস্থ হয়।



## ৩.২. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে চুল হালকা শুকানো


চুল শুকানোর পদ্ধতি

- তোয়ালে দিয়ে আলতো চাপ দিয়ে শুকানো: হেয়ার ড্রায়ার ব্যবহার করার আগে, একটি নরম তোয়ালে দিয়ে চুলের অতিরিক্ত পানি শুষে নিন। মনে রাখবেন, চুল ঘষবেন না কারণ এতে চুল ক্ষতিগ্রস্ত হতে পারে।
- হেয়ার ড্রায়ারের তাপমাত্রা: হেয়ার ড্রায়ারের তাপমাত্রা লো টেম্পারেচারে রাখুন। উচ্চ তাপমাত্রা চুলে ক্ষতি করতে পারে।
- দূরত্ব বজায় রাখা: হেয়ার ড্রায়ার চুল থেকে কিছু দূরে রেখে শুকানো শুরু করুন। ধীরে ধীরে হেয়ার ড্রায়ারকে চুলের দিকে নিয়ে আসতে পারেন।
- চিরুনি ব্যবহার: চুল শুকানোর সময় চিরুনি ব্যবহার করলে চুলের জট ছাড়ানো সহজ হয় এবং চুল সুন্দর দেখায়।
- হিট প্রোটেক্ট্যান্ট স্প্রে: হেয়ার ড্রায়ার ব্যবহার করার আগে চুলে হিট প্রোটেক্ট্যান্ট স্প্রে ব্যবহার করলে চুলের ক্ষতি কম হয়।
- চুলের ধরন অনুযায়ী: বিভিন্ন ধরনের চুলের জন্য বিভিন্ন ধরনের চুল শুকানোর পদ্ধতি ব্যবহার করা উচিত। যেমন, কুঁচল চুলের জন্য বিশেষ ধরনের কন্ডিশনার এবং চিরুনি ব্যবহার করা উচিত।

কেন চুল হালকা শুকানো জরুরি?

- চুলের ক্ষতি রোধ: বেশি তাপে চুল শুকালে চুল শুষ্ক হয়ে যায় এবং ফেটে যায়।
- চুলের স্বাস্থ্য: হালকা শুকানোর ফলে চুলের স্বাস্থ্য ভালো থাকে এবং চুল মসৃণ ও চকচকে দেখায়।
- স্টাইলিং সহজ: হালকা শুকানোর পর চুল স্টাইলিং করা অনেক সহজ হয়।

## ৩.৩. চুল সেকশন করা




চুল সেকশন করা হচ্ছে চুলকে সমান অংশে ভাগ করে নেওয়া। এটি চুল কাটা, রঙ করা বা স্টাইল করা সহজ করে তোলে। বিভিন্ন ধরনের চুল কাটার জন্য বিভিন্ন ধরনের সেকশন করা হয়।

চুল সেকশন করার কয়েকটি সাধারণ পদ্ধতি:

- মধ্যে থেকে দুই ভাগ: চুলকে মাঝখান থেকে দুই ভাগ করে নিন। এটি সবচেয়ে সাধারণ এবং সহজ পদ্ধতি।
- পার্শ্বে থেকে দুই ভাগ: চুলকে মাঝখান থেকে একটু সরিয়ে দুই ভাগ করে নিন। এটি চুলকে একটু আলাদা লুক দেয়।
- চার ভাগ: চুলকে মাঝখান থেকে দুই ভাগ করে নিন, তারপর প্রতিটি ভাগকে আবার দুই ভাগ করে নিন। এটি জটিল স্টাইল করার জন্য উপযোগী।
- অনেকগুলো ছোট ছোট সেকশন: চুলকে অনেকগুলো ছোট ছোট সেকশনে ভাগ করে নিন। এটি চুল রঙ করা বা হাইলাইট করার জন্য উপযোগী।

চুল সেকশন করার জন্য প্রয়োজনীয় জিনিসপত্র:

- চিরুনি: একটি চিরুনি দিয়ে চুল ভালো করে আঁচড় দিন।
- ক্লিপ: চুলের সেকশনগুলোকে ধরে রাখার জন্য ক্লিপ ব্যবহার করুন।
- স্প্রে বোতল: চুলের সেকশনগুলোকে স্থির রাখার জন্য স্প্রে বোতল ব্যবহার করতে পারেন।

চুল সেকশন করার পদ্ধতি:

- চুল ভালো করে আঁচড় দিন: চুল ভালো করে আঁচড় দিয়ে নিন যাতে কোনো জট না থাকে।
- মাঝখান থেকে দুই ভাগ: একটি চিরুনি দিয়ে চুলকে মাঝখান থেকে দুই ভাগ করে নিন।
- ক্লিপ দিয়ে ধরে রাখুন: প্রতিটি ভাগকে ক্লিপ দিয়ে ধরে রাখুন।
- আরও ছোট সেকশন: প্রয়োজন হলে প্রতিটি ভাগকে আবার ছোট ছোট সেকশনে ভাগ করে নিন।

## ৩.৪. নির্বাচিত হেয়ার কাট স্টাইল এবং গ্রহণযোগ্য পদ্ধতি অনুসারে হেয়ার কাটা

**কাটিং:** সবচাইতে বেশী সতর্কতার প্রয়োজন এই পর্যায়ে। কারন সামান্য কম-বেশির জন্য যেকোনো হেয়ারকাট পুরোপুরিভাবে নষ্ট হয়ে যেতে পারে। তাই সঠিকভাবে পরিমাপ করা ও গাইডলাইন অনুসরন করা খুব জরুরী।

**হেয়ার স্টাইল:** বিউটি ইন্ডাস্ট্রিতে সাধারনত বিভিন্ন অনুষ্ঠান সামনে রেখে সাজের ধরন নির্ধারণ করা হয়। হেয়ার কাট করার ক্ষেত্রেও তেমন ব্যতিক্রম দেখা যায়না। হেয়ার কাট করার সবথেকে গুরুত্বপূর্ণ হল হেয়ার স্টাইল নির্ধারণ করা। এক্ষেত্রে বেশ কিছু বিষয় বিবেচনা করতে হয় – ক্লায়েন্ট ফেস শেপ, হেয়ার টেক্সার এবং ক্লায়েন্টের চাহিদা। এসব বিবেচনা করার পরে ক্লায়েন্ট কে হেয়ার স্টাইল বুঝিয়ে দিতে হবে। এবং প্রয়োজন মত তাকে হেয়ার ডামি দেখিয়ে সম্মত করুন।


বিউটি ইন্ডাস্ট্রিতে প্রধানত ১০ (দশ) প্রকারের হেয়ার স্টাইল ব্যবহার করা হয়ে থাকে।

| হেয়ার স্টাইলের নাম ও বর্ণনা | চিত্র |
|---|---|
| **স্ট্রেইট কাট বা সোজা কাট:** সাধারণত প্লেইন হেয়ার কাট কে স্ট্রেইট কাট বলা হয়। এক্ষেত্রে চুলের আগার অংশ সমান করে কাটা হয়ে। একে অন লেন্থ কাটও বলে। এটা ০ ডিগ্রীতে কাটা হয়। পিঠ বরাবর দাড়িয়ে কাটতে হয়। স্ট্রেইট কাট সাধারণত দুই ধরনের হয়: ১. লং স্ট্রেইট ২. শর্ট স্ট্রেইট |  |
| **১. লং স্ট্রেইট :** লং স্ট্রেইট হল দীর্ঘ এবং সোজা চুলের একটি স্টাইল। এটি ক্লাসিক এবং টাইমলেস লুকের জন্য পরিচিত। সোজা চুলের স্বাভাবিক সৌন্দর্যকে আরও উজ্জ্বল করে তোলার জন্য লং স্ট্রেইট স্টাইলটি বিশেষভাবে জনপ্রিয়। |  |
| **২. শর্ট স্ট্রেইট:** শর্ট স্ট্রেইট হলো একটি জনপ্রিয় চুলের স্টাইল, যেখানে চুলগুলো কাঁধের উপর পর্যন্ত ছোট করা হয় এবং সোজা করা হয়। এই স্টাইলটি মুখের কাঠামোকে আরও ভালোভাবে ফুটিয়ে তোলে এবং একটি পরিচ্ছন্ন ও আধুনিক লুক দেয়। |  |
| **U- কাট:** মাঝখানে এবং পার্শ্বে সামান্য পার্থক্য রেখে "U" আকৃতির হেয়ার কাটিং কে ইউ শেপ কাটিং বলে। এভাবে চুল কাটলে চুলের শেষ দিকে এমন দেখায় যেন তারা "U" আকৃতি তৈরী করে। ২০ থেকে ৩০ ডিগ্রীতে কাটতে হয়ে এবং কাটার সময় সামান্য কাধের দিকে সরে দাড়াতে হয়। |  |
| **V- কাট:** এই আকৃতির ক্লায়েন্ট এর চুল কাটা**তে** অনেকগুলি স্তর থাকে এবং চুলের শেষ বিন্দু একটি V আকৃতি তৈরী করে। কাটার সময় সামান্য কাধের দিকে সরে দাড়াতে হয়। |  |
| **লেয়ার কাট:** প্রথমে হেয়ার সেকশন করে নিতে হবে। মাথার সামনের অংশ থেকে ০° ডিগ্রী থেকে চুলটাকে ১৮০° পর্যন্ত চুলগুলোকে পার্ট পার্ট করে কাটাকেই লেয়ার কাট বলে। চুলগুলোকে স্তরে স্তলে সাজান হয়, উপরের স্তরগুলি নীচের স্তর এর চেয়ে ছোট করা হয়।<br>**লেয়ার কাট সাধারণত দুই ধরনের হয়:**<br>ক. লং লেয়ার,<br>খ. শর্ট লেয়ার |  |
| লং লেয়ার কাট: লং লেয়ার কাট হলো একটি জনপ্রিয় চুলের স্টাইল যেখানে চুলগুলো কাঁধের নিচে লম্বা রাখা হয় এবং বিভিন্ন স্তরে কাটা হয়। এই স্টাইলটি চুলে ভলিউম বাড়ায়, মুখের কাঠামোকে আরও ভালোভাবে ফুটিয়ে তোলে এবং একটি সক্ষ ও রোমান্টিক লুক দেয়। |  |

| | |
|---|---|
| **শর্ট লেয়ার কাট:** শর্ট লেয়ার কাট হলো একটি জনপ্রিয় চুলের স্টাইল যেখানে চুলগুলো কাঁধের উপর পর্যন্ত ছোট করা হয় এবং বিভিন্ন স্তরে কাটা হয়। এই স্টাইলটি চুলে ভলিউম বাড়ায়, মুখের কাঠামোকে আরও ভালোভাবে ফুটিয়ে তোলে এবং একটি পরিচ্ছন্ন ও আধুনিক লুক দেয়। |  |
| **স্টেপ কাট:** মাথার পেছনের ভাগ হতে সেকশন করে ধাপে ধাপে চুল সামনের দিকে কাটাকেই স্টেপ কাট বলে। এখানে সবথেকে ছোট স্টেপটি কাধের উপরে এবং পরের স্তরটি কয়েক ইঞ্চি নীচে থাকে। স্টেপ কাটের প্রতিটি সেকশন ৪৫ ডিগ্রী ৬০ ডিগ্রী ও ৯০ ডিগ্রীতে কাটতে হয়। |  |
| **ব্লন্ট কাট:** চুলে চারিদিকে একই দৈর্ঘ্যরে মাপে **ক্লায়েন্ট এর চুল কাটা**কে ব্লন্ট কাট বলে। চারিদিকে একই দৈর্ঘ্যে ছড়িয়ে থাকার কারনে চুলের ভলিউম বেশী মনে হয়। পাতলা চুলের মাথায় এই কাট বেশী হেলদি মনে হয়। ব্লন্ট কাট ১০ ডিগ্রীতে কাটতে হয়। |  |
| **বয় কাট:** বাচ্চাদের ক্ষেত্রে বেশী ব্যবহার করা হয়। এই স্টাইলে ঘাড়ের পেছনের দিকে চুল ছোট ছোট করে কেটে উপরের দিকে উঠান হয় এবং সামনের দিকে তুলনামূলক বড় থাকে। বয় কাট স্টাইল গরমের দিনে বেশ আরাম দায়ক। |  |
| **ফ্রন্ট হেয়ার কাট:** বাচ্চাদের ক্ষেত্রে বেশী ব্যবহার করা হয়। সাধারণক কপালের অংশেল চুল কেটে এই স্টাইল করা হয়। এটি দুই ভাবে করা যায় - ১) ব্যাঙ্গস ২) বেবী। |  |
| **ব্যাঙ্গস কাট:** ব্যাঙ্গস কাট হল চুলের একটি জনপ্রিয় স্টাইল, যেখানে চুলের সামনের অংশ বা ফ্রন্ট বাংসগুলো কপালের উপর পর্যন্ত ছোট করে কাটা হয়। এই কাটটি আপনার চেহারায় একটি ড্রামাটিক পরিবর্তন আনতে পারে এবং আপনার মুখের কাঠামোকে আরও ভালোভাবে ফুটিয়ে তুলতে পারে। |  |
| **বেবী কাট: বেবি কাট** হল একটি খুব ছোট এবং সহজ চুলের স্টাইল, যেখানে চুলগুলো মাথার খুলির খুব কাছাকাছি কাটা হয়। এটি এক ধরনের পিক্সি কাটের মতোই, তবে আরও ছোট এবং সহজ। এই কাটটি খুবই জনপ্রিয়, বিশেষ করে তাদের মধ্যে যারা একটি খুব সহজ এবং নিম্ন রক্ষণাবেক্ষণের চুলের স্টাইল খুঁজছেন। |  |
| **গ্রাজুয়েট হেয়ার কাট:** পেছনের দিক থেকে শুরু করে সামনের দিকে কোনা হয়ে আসে। অর্থ্যাৎ পিছনের দিকে থেকে সামনের দিকে ৯০ডিগ্রী কোনে বেশী থাকে। এই স্টাইলে ঘাড়ের উপরে চুল কম থাকে কিন্তু গালের দুই পার্শ্বে চুল বেশী থাকে। |  |
| **ডায়ানা কাট:** ঘাড়ের পেছনের অংশের চুল ছোট থাকে, সামনে কপালের অংশ বেবী কাটের মত থাকে এবং সম্পূর্ণ চুলগুলোকে সেকশন করে করে কাটা হয় এতে ভলিউম বেশী দেখা যায় করে কাটা হয়। যাদের চুল কম থাকে তাদের ক্ষেত্রে এই স্টাইলে চুলের ভলিউম বেশী দেখা যায়। |  |

## ৩.৫. ব্লো ড্রাই দিয়ে চুল সেটিং করা

হেয়ারকাট যে সঠিক হয়েছে তা ক্লায়েন্টকে দেখানোর জন্য সেটিং করা দরকার। সেটিংয়ের আগে চুলকে ভালোভাবে শুকাতে হবে। তারপর হেয়ারকাটের ধরনানুযায়ী প্রয়োজনীয় রোলিং ব্রাশ ব্যাবহারের মাধ্যমে ক্লায়েন্টের পছন্দানুযায়ী চুলকে সেট করে দিতে হবে।



**হেয়ার কাটের ক্ষেত্রে কিছু সর্তকতা**

- ক্লায়েন্ট এর চুল কাটা**র** ক্ষেত্রে অবশ্যই চুল ভালোভাবে শ্যাম্পু দিয়ে ওয়াশ করে নিতে হবে।
- ক্লায়েন্ট এর চুল কাটা**র** ক্ষেত্রে চুলকে হেয়ার স্প্রে দিয়ে সর্ম্পূন ভিজিয়ে নিতে হবে।
- চুলের বৃদ্ধি /গড়ন অনুযায়ী চুলকে পাতলা স্ট্র্যান্ডে ভাগ করণ এবং তাদের পিন করণ।
- পার্টিংয়ের / সেকশনের পরে সর্বনিমড়ব অংশটি প্রয়োজনীয় আকার অনুযায়ী কেটে দিতে হবে।
- এখন পিন-আপগুলি একে একে কম করণ এবং পূর্বনির্ধারিত গাইডলাইন অনুসারে এটি কেটে দিন।
- ক্লাইন্টের/গ্রাহকের পরামর্শ অনুসারে চুলকে ভ্রোটেও কাটবেন না, কারণ শুকনো হওয়ার পরে, চুলটি সঠিক পরিমাপের চেয়ে ছোট দেখায়।
- হরাইজন্ট্যাল কাটটি সোজা চুলের জন্য আরও শালীন/ভাল দেখায়, যখন ভার্টিক্যাল কাটটি কোঁকড়ানো এবং ঢেউখেলা চুলের জন্য আরও ভাল দেখায়।
- তিন মাস পর পর চুলের ডগা কাটতে হবে। এতে করে চুলের দৈর্ঘ্য /বৃদ্ধি সমান ভাবে হয়।
- কাজ শুরুর আগে কাটিংয়ে ব্যাবহার্য যাবতীয় যন্ত্রাদি জীবানুমুক্ত করুন।
- ক্লায়েন্টের কাটিং গাউন যেন পরিচ্ছন্ন থাকে তা খেয়াল রাখতে হবে।
- কাজের সময় কাঁচি বা চিরুনি নিচে পড়ে গেলে তা বাদ দিয়ে অন্যটি নেওয়া।

## সেলফ চেক শিট (Self-Check Sheet) ৩.১ : ক্লায়েন্ট এর চুল কাটা

সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর লিখুন।

প্রশ্ন ১: হেয়ার কাট কি?
উত্তর:

প্রশ্ন ২: প্রফেশনাল হেয়ার কাট কেন জরুরী?
উত্তর:

প্রশ্ন ৩: হেয়ার হেয়ার কাটের স্টাইল বলতে কি বোঝায়?
উত্তর:

প্রশ্ন ৪: হেয়ার কাটের স্টাইল কত প্রকার ও কি কি?
উত্তর:

প্রশ্ন ৫: হেয়ার কাট সম্পাদন করার সময় কি কি সাবধানতা অবলম্বন করা হয়?
উত্তর:

## উত্তর পত্র (Answer Key) ৩.১ : ক্লায়েন্ট এর চুল কাটা

**প্রশ্ন ১: হেয়ার কাট কি?**

**উত্তর:** শৈল্পিক আন্দাজ আর নিপুনতার মাধ্যমে চুলের কিনারাগুলোকে কেটে দেওয়ার মাধ্যমে কেশবিন্যাসে যে পরিবর্তন আনা হয় তার নাম হেয়ারকাট। সুন্দর কেশবিন্যাশের প্রথম ও প্রধান ধাপ হলো একটি সুসম্পন্ন হেয়ারকাট। কারন তা চুলের গঠনে আনতে পারে শৈল্পিকতা আর বৈচিত্র্য।

**প্রশ্ন ২: প্রফেশনাল হেয়ার কাট কেন জরুরী?**

**উত্তর:** একটি প্রফেশনাল হেয়ারকাট বলতে তেমনই একটি হেয়ার কাট বোঝায় যেখানে থাকবে ঃ

- উন্নত উপকরনের ব্যবহার
- হাতের দক্ষতা ও ভারসাম্য
- হেয়ারকাটের সঠিক ধরন নির্বাচন
- সৃজনশীলতা ও শৈল্পিকতা

এসবের সুষম সমন্বয় না থাকলে হেয়ারকাট পুরোপুরিভাবে নষ্ট হতেই পারে। ফলশ্রুতিতে চেহাড়াতে একটা অনাকাঙ্খিত পরিবর্তন ক্লায়েন্টের চরম অসন্তোষের তৈরী করবে। একারনেই প্রফেশনাল হেয়ারকাট জরুরী।

**প্রশ্ন ৩: হেয়ার হেয়ার কাটের স্টাইল বলতে কি বোঝায়?**

**উত্তর:** বিউটি ইন্ডাস্ট্রিতে সাধারনত বিভিন্ন অনুষ্ঠান সামনে রেখে সাজের ধরন নির্ধারণ করা হয়। হেয়ার কাট করার ক্ষেত্রেও তেমন ব্যতিক্রম দেখা যায়না। হেয়ার কাট করার সবথেকে গুরুত্বপূর্ণ হল হেয়ার স্টাইল নির্ধারণ করা। এক্ষেত্রে বেশ কিছু বিষয় বিবেচনা করতে হয় - ক্লায়েন্ট ফেস শেপ, হেয়ার টেক্সার এবং ক্লায়েন্টের চাহিদা। এসব বিবেচনা করার পরে ক্লায়েন্ট কে হেয়ার স্টাইল বুঝিয়ে দিতে হবে। এবং প্রয়োজন মত তাকে হেয়ার ডামি দেখিয়ে সম্মত করুন।

**প্রশ্ন ৪: হেয়ার কাটের স্টাইল কত প্রকার ও কি কি?**

**উত্তর:** বিউটি ইন্ডাস্ট্রিতে প্রধানত ১০ (দশ) প্রকারের হেয়ার স্টাইল ব্যবহার করা হয়ে থাকে।

১) স্ট্রেইট কাট বা সোজা কাট। ২) ইউ-কাট। ৩) ভি-কাট। ৪) লেয়ারড কাট। ৫) স্টেপ কাট। ৬) ব্লান্ট কাট। ৭) বয় কাট। ৮) ফ্রন্ট হেয়ার কাট। ৯) গ্রাজুয়েট হেয়ার কাট। ১০) ডায়ানা কাট।

**প্রশ্ন ৫: হেয়ার কাট সম্পাদন করার সময় কি কি সাবধানতা অবলম্বন করা হয়?**

**উত্তরঃ**

- ক্লায়েন্ট এর চুল কাটার ক্ষেত্রে অবশ্যই চুল ভালোভাবে শ্যাম্পু দিয়ে ওয়াশ করে নিতে হবে।
- ক্লায়েন্ট এর চুল কাটার ক্ষেত্রে চুলকে হেয়ার স্প্রে দিয়ে সর্ম্পূন ভিজিয়ে নিতে হবে।
- চুলের বৃদ্ধি /গড়ন অনুযায়ী চুলকে পাতলা স্ট্র্যান্ডে ভাগ করণ এবং তাদের পিন করণ।
- পার্টিংয়ের / সেকশনের পরে সর্বনিমড়ব অংশটি প্রয়োজনীয় আকার অনুযায়ী কেটে দিতে হবে।
- এখন পিন-আপগুলি একে একে কম করণ এবং পূর্বনির্ধারিত গাইডলাইন অনুসারে এটি কেটে দিন।
- ক্লাইন্টের/গ্রাহকের পরামর্শ অনুসারে চুলকে ভ্রোটেও কাটবেন না, কারণ শুকনো হওয়ার পরে, চুলটি সঠিক পরিমাপের চেয়ে ছোট দেখায়।
- হরাইজন্ট্যাল কাটটি সোজা চুলের জন্য আরও শালীন/ভাল দেখায়, যখন ভার্টিক্যাল কাটটি কোঁকড়ানো এবং ঢেউখেলা চুলের জন্য আরও ভাল দেখায়।
- তিন মাস পর পর চুলের ডগা কাটতে হবে। এতে করে চুলের দৈর্ঘ্য /বৃদ্ধি সমান ভাবে হয়।
- কাজ শুরুর আগে কাটিংয়ে ব্যাবহার্য যাবতীয় যন্ত্রাদি জীবানুমুক্ত করুন।
- ক্লায়েন্টের কাটিং গাউন যেন পরিচ্ছন্ন থাকে তা খেয়াল রাখতে হবে।
- কাজের সময় কাঁচি বা চিরুনি নিচে পড়ে গেলে তা বাদ দিয়ে অন্যটি নেওয়া।

## জব শীট (Job Sheet) ৩.১: ক্লায়েন্ট এর চুল সোজা কাট দেয়া

| | |
|---|---|
| কাজের নাম | ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজ অপসারণ করা |
| কাজের উদ্দেশ্য | ১. ক্লায়েন্টের চুলের সৌন্দর্য বৃদ্ধি এবং প্রফেশনাল লুক প্রদান করা।<br>২. সঠিক পদ্ধতিতে চুল কাটার মাধ্যমে চুলের স্বাস্থ্য বজায় রাখা এবং অযথা ভাঙন প্রতিরোধ করা।<br>৩. ক্লায়েন্টের পছন্দের স্টাইল অনুযায়ী সোজা কাট প্রদান করা। |
| কাজের ধাপসমূহ/পদ্ধতি | ১. প্রথমে ক্লায়েন্টের চুলের ধরন, স্বাস্থ্য এবং দৈর্ঘ্য পরীক্ষা করুন। চুলে যদি জট থাকে, তাহলে সেগুলো খুলে ফেলুন।<br>২. চুল সোজা কাটার জন্য সঠিক দৈর্ঘ্য নির্ধারণ করুন এবং ক্লায়েন্টের পছন্দ বুঝে নিন।<br>৩. ক্লায়েন্টের জামা নোংরা না হওয়ার জন্য অ্যাপ্রন পরান।<br>৪. নিজের হাতের সুরক্ষার জন্য গ্লোভস পরুন।<br>৫. ক্লায়েন্টের চুল হালকা করে ভিজিয়ে দিন, যাতে চুল সোজা কাটার জন্য প্রস্তুত হয়। গরম পানির স্প্রে ব্যবহার করা যেতে পারে।<br>৬. চুল ভিজানোর পরে, অতিরিক্ত পানি শুষে নিতে হালকা তোয়ালে ব্যবহার করুন।<br>৭. মোটা চিরুনি দিয়ে চুলের জট খুলে, চুলকে সোজা করে নিন। চুল ভালোভাবে সমানভাবে সোজা করা গুরুত্বপূর্ণ।<br>৮. তারপর চুলকে ছোট ছোট সেকশনে ভাগ করে নিন। এক একটি সেকশনের ওপরেই কাট কাজ করবেন।<br>৯. চুলের প্রাথমিক দৈর্ঘ্য অনুযায়ী, সোজা কাট শুরু করুন। সোজা কাটের জন্য, সঠিক কাটা টেকনিক অনুসরণ করুন যাতে কোনো অসমতা না থাকে।<br>১০. স্ট্রেইট শেভিং স্কিজ বা সোজা কাটার কাঁচি ব্যবহার করুন এবং ধীরে ধীরে চুলের প্রান্ত পর্যন্ত কাটুন।<br>১১. চুলের সব সেকশন কেটে হয়ে গেলে, সমস্ত অংশ একসাথে দেখে সমান করার জন্য কাটিং চেক করুন।<br>১২. কোনো অসমতা থাকলে সেগুলো সমান করুন।<br>১৩. কাটার পর, চুলে হালকা স্টাইলিং সিরাম বা হেয়ার মুথ ব্যবহার করুন। এর মাধ্যমে চুল আরও মসৃণ হবে এবং সোজা কাটের চূড়ান্ত ফলাফল দেখা যাবে।<br>১৪. ক্লায়েন্টের চুলের সোজা কাট ঠিক আছে কিনা, তা নিশ্চিত করার জন্য সমানভাবে দেখে নিন।<br>১৫. যদি কোনো জায়গায় ছোটখাটো সমস্যা থাকে, সেগুলো ঠিক করুন। |



## স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ৩.১: ক্লায়েন্ট এর চুল সোজা কাট দেয়া

**প্রয়োজনীয় পিপিই**

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | গ্লাভস | রাবার, ডিসপোজেবল | জোড়া | ১ |
| ২. | সেফটি গগলস | প্লাস্টিক, ক্লিয়ার ভিউ | টি | ১ |
| ৩. | এপ্রন | ওয়াটারপ্রুফ, প্লাস্টিক/কাপড় | টি | ১ |
| ৪. | ফেস মাস্ক | ডিসপোজেবল, এন৯৫ | টি | ১ |

**প্রয়োজনীয় টুলস**

| ক্রম | টুলস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | কাঁচি | স্টেইনলেস স্টীল, ধারালো | টি | ১ |
| ২. | ক্লিপার | ইলেকট্রিক, সামঞ্জস্যপূর্ণ ব্লেড | টি | ১ |
| ৩. | চিরুনি | প্লাস্টিক, বিভিন্ন মাপ | পিস | ৩ |
| ৪. | ব্রাশ | নরম ব্রিসল | টি | ১ |

**প্রয়োজনীয় ইকুইপমেন্টস**

| ক্রম | ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | আয়না | বড়, ফ্রেম সহ | টি | ১ |
| ২. | চেয়ার | অ্যাডজাস্টেবল, আরামদায়ক | টি | ১ |
| ৩. | আলোর ব্যবস্থা | এলইডি, ব্রাইট | টি | ১ |

**প্রয়োজনীয় ম্যাটেরিয়াল**

| ক্রম | ম্যাটেরিয়াল এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | শ্যাম্পু | হালকা, সঠিক পিএইচ ব্যালেন্স | বোতল | ১ |
| ২. | কন্ডিশনার | হাইড্রেটিং, সিল্কি ফলিশ | বোতল | ১ |
| ৩. | পানি | পরিষ্কার, পোর্টেবল | লিটার | প্রয়োজন অনুযায়ী |
| ৪. | টাওয়েল | কটন, সফট | পিস | ২ |

**শিখনফল (Learning Outcome)- ৪ : চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং টাচ প্রয়োগ করতে পারবে**

| | |
|---|---|
| **অ্যাসেসমেন্ট মানদন্ড** | ১. হেয়ার স্টাইল অনুযায়ী ফিনিশিং কাটিং টুলস ব্যবহার করতে সক্ষম হয়েছে।<br>২. ক্লায়েন্টের প্রয়োজনীয়তা এবং স্টাইল অনুযায়ী হেয়ার ফিনিশিং প্রডাক্ট প্রয়োগ করতে সক্ষম হয়েছে।<br>৩. ক্লায়েন্টের অ্যাক্সেপশন নিশ্চিত করতে এবং প্রয়োজনে অ্যাডজাস্টমেন্ট করতে সক্ষম হয়েছে। |
| **শর্ত ও রিসোর্স** | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস |
| **বিষয়বস্তু** | ১. হেয়ার স্টাইল অনুযায়ী ফিনিশিং কাটিং টুলসের ব্যবহার<br>২. ক্লায়েন্টের প্রয়োজনীয়তা এবং স্টাইল অনুযায়ী হেয়ার ফিনিশিং প্রডাক্ট প্রয়োগ<br>৩. হেয়ার ফিনিশিং প্রডাক্ট<br>▪ স্টাইলিং জেল<br>▪ ম্যুজ<br>▪ হেয়ার স্প্রে<br>▪ হেয়ার পলিশ/হেয়ার সিরাম<br>৪. ক্লায়েন্টের অ্যাক্সেপশন নিশ্চিত করা এবং প্রয়োজনে অ্যাডজাস্টমেন্ট করা |
| **এক্টিভিটি** | ১. জেল/স্টাইলিং জেল ব্যবহার |
| **প্রশিক্ষণ পদ্ধতি** | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| **অ্যাসেসমেন্ট পদ্ধতি** | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৪ : চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং টাচ প্রয়োগ করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের “চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং টাচ প্রয়োগ করা” শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ৪ : গা হেয়ার চেক করা এবং যথাযথ ফিনিসিং টাচ দেওয়া। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ৪ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৪ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>জব শীট-৩: জেল/স্টাইলিং জেল ব্যবহার |

## ইনফরমেশন শীট (Information Sheet)-৪: চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং টাচ প্রয়োগ করা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

৪.১. হেয়ার স্টাইল অনুযায়ী ফিনিশিং কাটিং টুলস ব্যবহার করা
৪.২. ক্লায়েন্টের প্রয়োজনীয়তা এবং স্টাইল অনুযায়ী হেয়ার ফিনিশিং প্রডাক্ট প্রয়োগ করা
৪.৩. হেয়ার ফিনিশিং প্রডাক্ট
৪.৪. ক্লায়েন্টের অ্যাক্সেপশন নিশ্চিত করা এবং প্রয়োজনে অ্যাডজাস্টমেন্ট করা

### ৪.১. হেয়ার স্টাইল অনুযায়ী ফিনিশিং কাটিং টুলস

**ক্লায়েন্ট এর চুল কাটা** সম্পন্ন হলে ব্লো-ড্রাই দিয়ে সেটিংস করা হয়। এরপর নির্দিষ্ট স্টাইল এর পূর্ণতা প্রদানের জন্য প্রয়োজন অনুযায়ী ফিনিশিং কাটিং টুলস ব্যবহার করা হয়। এর মধ্যে আছে

| যন্ত্রপাতি | যন্ত্রপাতির চিত্র | বর্ণনা |
|---|---|---|
| ব্লো-ড্রাই মেশিন |  | এটি চুল শুকানোর জন্য ব্যবহৃত একটি যন্ত্র। হেয়ার ড্রায়ার হিসেবে পরিচিত, চুলের আর্দ্রতা শোষণ করে এবং দ্রুত শুকানোর জন্য গরম বাতাসের প্রবাহ সৃষ্টি করে। এটি চুল স্টাইলিংয়ের জন্যও ব্যবহৃত হয়। |
| কার্ল মেশিন |  | চুলে CURL বা মোচা তৈরি করতে ব্যবহৃত একটি যন্ত্র। এটি চুলকে গরম করে এবং চুলের সোজা অংশকে কোঁকড়া বা কার্লের আকারে ফেলে। সাধারণত এটি গরম স্টাইলিং টুল হিসেবে ব্যবহৃত হয়। |
| আয়রণ মেশিন |  | চুল সোজা করতে ব্যবহৃত একটি যন্ত্র, যা গরম পৃষ্ঠ ব্যবহার করে চুলকে সোজা করে। এটি সাধারণত "স্ট্রেইটেনিং আয়রন" বা "ফ্ল্যাট আয়রন" নামে পরিচিত। |
| জিগজাগ মেশিন |  | চুলে বিশেষ ধরনের স্টাইল তৈরি করতে ব্যবহৃত একটি যন্ত্র, যা চুলে জিগজাগ আকৃতি প্রদান করে। এটি সাধারণত মোচা বা ক্লিপ স্টাইল তৈরি করতে ব্যবহৃত হয়। |

| | | |
|---|---|---|
| রোলার চিরুনি |  | চুলের ঘুরানো বা কার্ল তৈরি করার জন্য ব্যবহৃত একটি যন্ত্র। এটি চুলের প্রাকৃতিক ঘূর্ণন বা কার্ল সৃষ্টি করতে সাহায্য করে। এতে বড় এবং ছোট বিভিন্ন আকারের রোলার থাকতে পারে। |

## ৪.২. ক্লায়েন্টের প্রয়োজনীয়তা এবং স্টাইল অনুযায়ী হেয়ার ফিনিশিং প্রডাক্ট

চুলের স্টাইল এর পূর্ণতা প্রদানের জন্য বিভিন্ন ধরনের ফিনিসিং প্রোডাক্ট ব্যবহার করা হয়। এসব ফিনিসিং প্রোডাক্ট ব্যবহার করে চুল সেট করা হয়। এবং স্টাইলের স্থায়ীত্ব বাড়ান হয়।

**ফিনিসিং প্রডাক্টের মধ্যে রয়েছে**


| | | | | |
|---|---|---|---|---|
|  চিত্র: জেল/স্টাইলিং জেল |  চিত্র: মুজ |  চিত্র: স্প্রেনেট/হেয়ার স্প্রে |  চিত্র: হেয়ার পলিশ / হেয়ার সিরাম |  চিত্র: হেয়ারওয়াক্স (ওয়েট/ড্রাই) |
| **জেল/স্টাইলিং জেল:** চুল সেট করে রাখে এবং সাইনিং করে। | | | | |
| মুজ: মুজ এক ধরনের স্প্রে। মুজ ব্যবহার করে চুল সেট করা হয়। এটি ব্যবহারের ফলে চুলে কোন আঠাল ভাব হয় না। | | | | |
| **স্প্রেনেট/হেয়ার স্প্রে:** এক ধরনের স্প্রে যা প্রয়োগ করে চুল সেট করা হয়। এটি চুল বসিয়ে রাখতে সাহায্য করে। এটি ব্যবহারে চুলে এক ধরনের আঠাল ও শক্ত ভাব হয়। | | | | |
| **হেয়ার পলিশ / হেয়ার সিরাম:** চুলের রুক্ষতা দূর করে এবং সাইনিং করে। চুল আয়রনের আগে ব্যবদহার করলে চুল ড্যামেজ বা রুক্ষতা হয় না। | | | | |
| **হেয়ারওয়াক্স (ওয়েট/ড্রাই):** ওয়াক্সযুক্ত স্টাইলিং পণ্য যা চুল ধরে রাখতে ব্যবহৃত হয়। | | | | |

### ৪.৩ ফিনিশিং প্রোডাক্টস ব্যবহার

হেয়ার কাট সম্পাদন করার পরে ফিনিসিং কাটিং প্রডাক্ট ব্যবহার করুন। যেকোন ধরনের ফিনিসিং প্রডাক্ট ব্যবহার করা জন্য অবশ্যই চুলের ধরন এবং গঠন পরীক্ষা করে নিতে হবে। সকল ধরনের ফিনিসিং প্রডাক্ট মূলত চুল ধরে রাখতে সাহায্য করে।

| পণ্য | পণ্য চিত্র | বর্ণনা |
|---|---|---|
| স্টাইলিং জেল |  | এটি একটি হালকা বা দৃঢ় ধারণক্ষমতা সম্পন্ন জেল, যা চুলের ফর্ম এবং স্টাইল দীর্ঘক্ষণ ধরে রাখে। চুলে শাইন এনে দেয় এবং একে স্থিতিশীল করে, তবে সাধারণত এটি শুষ্কতা বাড়ায়। প্রধানত সোজা বা উঁচু স্টাইল তৈরি করার জন্য ব্যবহৃত হয়। |
| ম্যুজ |  | এটি হালকা, ফোম বা স্প্রে আকারে থাকে এবং চুলে ভলিউম এবং লাফ যুক্ত করতে ব্যবহৃত হয়। ম্যুজ চুলে প্রাকৃতিক লুক দেয় এবং সাধারণত পাতলা চুলের জন্য ব্যবহৃত হয়। এটি চুলের গঠন এবং হালকা স্টাইলিং সাপোর্ট প্রদান করে। |
| হেয়ার স্প্রে |  | এটি একটি স্টাইলিং প্রোডাক্ট যা চুলের শেপ এবং স্টাইল স্থায়ী করতে সাহায্য করে। হেয়ার স্প্রে সাধারণত চুলের শেইপকে স্থিতিশীল এবং শাইন করে রাখে, তবে এটি কিছুটা কঠিন এবং শক্ত হতে পারে। |
| হেয়ার পলিশ/হেয়ার সিরাম |  | এটি চুলে মসৃণতা এবং চকচকে ভাব আনতে ব্যবহৃত হয়। হেয়ার পলিশ বা সিরাম সাধারণত চুলের প্রান্তে ব্যবহার করা হয়, যাতে চুল স্বাস্থ্যবান, নরম এবং ঝকঝকে থাকে। এটি চুলের উড়ান বা ফ্রিজকে নিয়ন্ত্রণ করে এবং চুলের ক্ষতি থেকে রক্ষা করে। |

**জেল/স্টাইলিং জেল ব্যবহার**



পদক্ষেপ/ প্রযোগ পদ্ধতি-

ক. প্রয়োজনীয় পিপিই (ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামাদি) সংগ্রহ করুন এবং পরিধান করুন।
খ. যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি প্রস্তুত করুন এবং জীবাণুমুক্ত করুন।
গ. ক্লায়েন্টের চুল শ্যাম্পু করে ধুয়ে হালকা শুকিয়ে নিন।
ঘ. ক্লায়েন্টের চুল সঠিকভাবে সেকশন করুন।
ঙ. নির্বাচিত জেল/স্টাইলিং জেল পরিমাণে নিয়ে হাতে ভালোভাবে মাখুন।
চ. চুলের গোড়া থেকে আগা পর্যন্ত সমানভাবে জেল লাগান।
ছ. ক্লায়েন্টের চাহিদা অনুযায়ী চুলের স্টাইল সেট করুন।
জ. চুল শুকানোর জন্য ব্লো ড্রায়ার ব্যবহার করুন (যদি প্রয়োজন হয়)।
ঝ. চুলের স্টাইল অনুযায়ী ফিনিশিং প্রোডাক্ট প্রয়োগ করুন।
ঞ. ক্লায়েন্টের চুলের স্টাইল যাচাই করুন এবং প্রয়োজন হলে সমন্বয় করুন।
ট. ব্যবহৃত পিপিই এবং সরঞ্জামাদি পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন।
ঠ. কর্মক্ষেত্র পরিষ্কার করুন এবং বর্জ্য পদার্থ নিষ্কাশন করুন।

## ৪.৪ ক্লায়েন্টের অ্যাক্সেপশন নিশ্চিত করা এবং প্রয়োজনে অ্যাডজাস্টমেন্ট করা

হেয়ার কাট সম্পাদন করার পর ফিনিশিং প্রডাক্ট প্রয়োগ করে চুল সেট করে নিতে হবে। এরপর ক্লায়েন্টের সাথে আলোচনা করে নিতে হবে, তার অন্য কোন বিশেষ চাহিদা আছে কিনা। অথবা ক্লায়েন্টের মতে হেয়ার কাট ঠিক আছে কিনা। যদি কোন কারনে তিনি আরও কোন মতামত প্রদান করেন, তার নির্দেশনা মোতাবেক হেয়ার কাট সেটিং সম্বন্বয় করে দিতে হবে।



## সেলফ চেক শিট (Self-Check Sheet) ৪.১: চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং টাচ প্রয়োগ করা

সঠিক উত্তর লিখুন।

১. চুল সোজা করার জন্য কোন যন্ত্রটি ব্যবহৃত হয়?
উত্তর:

২. চুলে কার্ল বা মোচা তৈরি করার জন্য কোন যন্ত্রটি ব্যবহৃত হয়?
উত্তর:

৩. চুলের স্টাইলকে স্থায়ী করার জন্য কোন ফিনিশিং প্রোডাক্ট ব্যবহৃত হয়?
উত্তর:

৪. চুলে ভলিউম বাড়ানোর জন্য কোন ফিনিশিং প্রোডাক্ট ব্যবহৃত হয়?
উত্তর:

৫. চুলে শাইন বা চকচকে ভাব আনতে কোন ফিনিশিং প্রোডাক্ট ব্যবহৃত হয়?
উত্তর:

### উত্তর পত্র (Answer Key) ৪.১ : চুল পরীক্ষা করা এবং উপযুক্ত ফিনিশিং টাচ প্রয়োগ করা

১. চুল সোজা করার জন্য কোন যন্ত্রটি ব্যবহৃত হয়?
উত্তর: চুল সোজা করার জন্য সাধারণত আয়রন মেশিন ব্যবহৃত হয়।

২. চুলে কার্ল বা মোচা তৈরি করার জন্য কোন যন্ত্রটি ব্যবহৃত হয়?
উত্তর: চুলে কার্ল বা মোচা তৈরি করার জন্য কার্ল মেশিন ব্যবহৃত হয়।

৩. চুলের স্টাইলকে স্থায়ী করার জন্য কোন ফিনিশিং প্রোডাক্ট ব্যবহৃত হয়?
উত্তর: চুলের স্টাইলকে স্থায়ী করার জন্য সাধারণত হেয়ার স্প্রে ব্যবহৃত হয়।

৪. চুলে ভলিউম বাড়ানোর জন্য কোন ফিনিশিং প্রোডাক্ট ব্যবহৃত হয়?
উত্তর: চুলে ভলিউম বাড়ানোর জন্য মুজ ব্যবহৃত হয়।

৫. চুলে শাইন বা চকচকে ভাব আনতে কোন ফিনিশিং প্রোডাক্ট ব্যবহৃত হয়?
উত্তর: চুলে শাইন বা চকচকে ভাব আনতে হেয়ার পলিশ বা সিরাম ব্যবহৃত হয়।

## জব শীট (Job Sheet)-৪.১: জেল/স্টাইলিং জেল ব্যবহার

| | |
|---|---|
| কাজের নাম | **জেল/স্টাইলিং জেল ব্যবহার করা** |
| কাজের উদ্দেশ্য | ১. চুলে আকর্ষণীয় আকার দিতে এবং স্টাইল করতে।<br>২. চুলকে সারাদিন ধরে একই অবস্থায় রাখতে।<br>৩. চুলে চকচকে ভাব আনতে। |
| কাজের ধাপসমূহ/পদ্ধতি | ১. নিরাপত্তা ও স্বাস্থ্য বিধি মেনে চলুন।<br>২. প্রয়োজনীয় পিপিই সংগ্রহ করুন এবং ব্যবহার করুন।<br>৩. প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং সরঞ্জাম সংগ্রহ করুন।<br>৪. সেগুলো জীবাণুমুক্ত করুন।<br>৫. কাঁচি, ক্লিপার, চিরুনি ইত্যাদি চিহ্নিত করুন।<br>৬. সঠিকভাবে সাজিয়ে নিন।<br>৭. হেয়ার ক্যাটালগ থেকে স্টাইল নির্বাচন করুন।<br>৮. ক্লায়েন্টের সম্মতি নিন।<br>৯. ক্লায়েন্টের অলংকার/গহণা সরিয়ে নিন।<br>১০. ক্লায়েন্টের ফেস, মাথার আকার, এবং শরীরের উচ্চতা অনুযায়ী মূল্যায়ন করুন।<br>১১. স্টাইল এবং কাটার ধরন অনুযায়ী চুলের গঠন বিশ্লেষণ করুন।<br>১২. ক্লায়েন্টকে প্রটেক্টিভ ক্লোথিং সরবরাহ করুন।<br>১৩. সেগুলো ব্যবহার করতে সহায়তা করুন।<br>১৪. সেলুনের নিয়ম অনুযায়ী চুল শ্যাম্পু ও কন্ডিশন করুন।<br>১৫. চুল ৬০% শুকিয়ে এবং ৪০% ভেজা রাখুন।<br>১৬. চুল সেকশন করুন।<br>১৭. নির্বাচিত স্টাইল এবং পদ্ধতি অনুসরণ করে হেয়ার কাট করুন।<br>১৮. ব্লো ড্রায়ার দিয়ে হেয়ার সেটিং করুন।<br>১৯. ফিনিশিং কাটিং টুলস ব্যবহার করুন।<br>২০. ক্লায়েন্টের চাহিদা এবং স্টাইল অনুযায়ী ফিনিশিং প্রোডাক্টস প্রয়োগ করুন।<br>২১. ক্লায়েন্টের গ্রহণযোগ্যতা নিশ্চিত করুন এবং প্রয়োজন অনুযায়ী সমন্বয় করুন।<br>২২. এপ্রোন অপসারণ করুন এবং ব্রাশ/টিস্যু দিয়ে অবাঞ্ছিত চুল অপসারণ করুন।<br>২৩. ক্লায়েন্টের গহণা/অলংকার ফেরত দিন।<br>২৪. যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলো পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন।<br>২৫. কর্মক্ষেত্র পরিষ্কার করুন।<br>২৬. বর্জ্য পদার্থ সঠিকভাবে নিষ্কাষণ করুন। |

## স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ৪.১: জেল/স্টাইলিং জেল ব্যবহার

**প্রয়োজনীয় পিপিই**

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | এপ্রোন | জলরোধী, সহজ পরিস্কারযোগ্য | সংখ্যা | ১ |
| ২. | গ্লাভস | নিট্রাইল, ডিসপোজেবল | জোড়া | ১ |
| ৩. | মাস্ক | সার্জিকাল | সংখ্যা | ১ |
| ৪. | চোখের সুরক্ষা চশমা | স্প্ল্যাশ রোধক | সংখ্যা | ১ |

**প্রয়োজনীয় টুলস**

| ক্রম | টুলস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | চিরুনি | প্লাস্টিক, বিভিন্ন আকারের | সংখ্যা | ১ |
| ২. | হেয়ার ক্লিপ | প্লাস্টিক বা মেটাল | সংখ্যা | ৪-৬ |
| ৩. | হেয়ার ড্রায়ার | বিভিন্ন তাপমাত্রা নিয়ন্ত্রণ | সংখ্যা | ১ |
| ৪. | ব্রাশ | গোলাকার বা চ্যাপ্টা | সংখ্যা | ১ |

**প্রয়োজনীয় ইকুইপমেন্টস**

| ক্রম | ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | শ্যাম্পু সিঙ্ক | জল সরবরাহসহ | সংখ্যা | ১ |
| ২. | সেলুন চেয়ার | এডজাস্টেবল | সংখ্যা | ১ |

## শিখনফল (Learning Outcome)- ৫: ক্লায়েন্টের ও কর্মক্ষেত্রের পরিচ্ছন্নতা নিশ্চিত করতে পারবে

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. অ্যাপ্রোন অপসারণ করতে সক্ষম হয়েছে এবং অবাঞ্ছিত অংশগুলি অপসারণের জন্য ব্রাশ/টিস্যু ব্যবহার করতে সক্ষম হয়েছে<br>২. ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজগুলি ফেরত দিতে সক্ষম হয়েছে<br>৩. টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং স্যানিটাইজ করতে সক্ষম হয়েছে<br>৪. কর্মক্ষেত্র পরিষ্কার করতে সক্ষম হয়েছে<br>৫. বর্জ্য পদার্থ কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিষ্কাশন করতে সক্ষম হয়েছে |
| শর্ত ও রিসোর্স | ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ<br>২. সিবিএলএম<br>৩. হ্যান্ডআউটস<br>৪. ল্যাপটপ<br>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর<br>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার<br>৭. ইন্টারনেট সুবিধা<br>৮. হোয়াইট বোর্ড ও মার্কার<br>৯. অডিও ভিডিও ডিভাইস |
| বিষয়বস্তু | ১. এপ্রোন অপসারণ করা এবং অবাঞ্ছিত অংশগুলি অপসারণ করা<br>২. ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজগুলি ফেরত দেওয়া<br>৩. টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং স্যানিটাইজ করা<br>৪. কর্মক্ষেত্র পরিষ্কার করা<br>৫. বর্জ্য পদার্থ কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিষ্কাশন করা |
| এক্টিভিটি/টাস্ক/জব | ৬. যন্ত্রপাতি এবং সরঞ্জাম পরিষ্কার এবং স্যানিটাইজ (জীবাণুমুক্ত) করা |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. আলোচনা (Discussion)<br>২. উপস্থাপন (Presentation)<br>৩. প্রদর্শন (Demonstration)<br>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)<br>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)<br>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)<br>৭. সমস্যা সমাধান (Problem Solving)<br>৮. মাথাখাটানো (Brainstorming) |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)<br>৪. পোর্টফলিও (Portfolio) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৫ : ক্লায়েন্টের ও কর্মক্ষেত্রের পরিচ্ছন্নতা নিশ্চিত করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| **শিখন কার্যক্রম** **(Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা** **(Resources / Special instructions)** |
|---|---|
| ১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে | ১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের “ক্লায়েন্ট এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা।” শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ৫ : ক্লায়েন্ট এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ৫ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৫ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শিট ৫.১: যন্ত্রপাতি এবং সরঞ্জাম পরিষ্কার এবং স্যানিটাইজ (জীবাণুমুক্ত) করা |

# ইনফরমেশন শিট (Information Sheet): ৫: ক্লায়েন্ট এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা।

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

৫.১. এপ্রোন অপসারণ করা এবং অবাঞ্ছিত অংশগুলি অপসারণ করা
৫.২. ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজগুলি ফেরত দেওয়া
৫.৩. টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং স্যানিটাইজ করা
৫.৪. কর্মক্ষেত্র পরিষ্কার করা
৫.৫. বর্জ্য পদার্থ কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিষ্কাশন করা

## ৫.১. এপ্রোন অপসারণ করা এবং অবাঞ্ছিত অংশগুলি অপসারণ করা



**কাজ শেষ করার পর**

- ক্লায়েন্ট আয়নায় নিজেকে দেখবে এবং সন্তুষ্টি প্রকাশ করবে।
- ক্লায়েন্টকে জিজ্ঞাসা করুন তিনি অন্য কোন সেবা নিতে চাচ্ছেন কিনা।

**ক্লায়েন্টের অন্য কোন সেবা প্রয়োজন না থাকলে**

- ক্লায়েন্টের শরীর থেকে প্রটেক্টিভ ক্লোথিং/এপ্রোন সরিয়ে নিতে হবে।
- এপ্রোন খুলে নেবার পর শরীরের উপর কাটা চুল থাকলে সেগুলো পরিষ্কার করে ফেলতে হবে।
- এক্ষেত্রে ব্রাশ অথবা টিস্যু দুটোই ব্যবহার করা যেতে পারে।

**টিপস**

- এপ্রোন সাবধানে সরিয়ে নিন যাতে ক্লায়েন্টের পোশাক নোংরা না হয়।
- ব্রাশ ব্যবহার করে শরীর থেকে কাটা চুল পরিষ্কার করুন।

- টিস্যু ব্যবহার করে শরীর থেকে কাটা চুল মুছে ফেলুন।
- ক্লায়েন্টকে জিজ্ঞাসা করুন যে তার শরীরে কোনো চুল আছে কিনা।
- ক্লায়েন্টকে সন্তুষ্ট দেখে আপনার কাজের প্রশংসা করুন।

**নিরাপত্তা**

- ধারালো ব্রাশ ব্যবহার করার সময় সতর্কতা অবলম্বন করুন।
- টিস্যু ব্যবহার করার সময় তা ক্লায়েন্টের মুখে বা চোখে না যায় সেদিকে খেয়াল রাখুন।

## ৫.২. ক্লায়েন্টের ব্যক্তিগত অ্যাক্সেসরিজগুলি ফেরত দেওয়া

ক্লায়েন্টকে পরিষ্কার করার পর তার কাছ থেকে সংগৃহীত ব্যক্তিগত অলংকার বা গহণা ফেরত দিতে হবে এবং নিশ্চিত করুন সব ঠিক আছে কিনা।



## ৫.৩. টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার এবং স্যানিটাইজ করা

যন্ত্রপাতি এবং সরঞ্জাম নিয়মিতভাবে পরিষ্কার এবং স্যানিটাইজ (জীবাণুমুক্ত) করা গুরুত্বপূর্ণ। এটি যন্ত্রপাতির দীর্ঘস্থায়িত্ব নিশ্চিত করে এবং জীবাণু ছড়িয়ে পড়া রোধ করে।

**জীবাণুমুক্ত করার পদ্ধতি**

হেয়ার ব্রাশ এবং চিরুনি

- ব্যবহার করার পর হেয়ার ব্রাশ এবং চিরুনি থেকে চুল পরিষ্কার করে ফেলুন।
- হালকা সাবান এবং পানিতে ব্রাশ এবং চিরুনি ধুয়ে ফেলুন।
- ব্রাশ এবং চিরুনি ভালোভাবে ধুয়ে ফেলুন এবং শুকিয়ে নিন।
- ব্রাশ এবং চিরুনি যথাস্থানে রাখুন।

ব্যবহৃত যন্ত্রপাতি

- ব্যবহার করার পর যন্ত্রপাতিগুলো সাবান এবং পানিতে ধুয়ে ফেলুন।
- যন্ত্রপাতিগুলো জীবাণুনাশক দিয়ে পরিষ্কার করুন।
- যন্ত্রপাতিগুলো স্টেরিলাইজড করুন (যদি প্রযোজ্য হয়)।
- যন্ত্রপাতিগুলো যথাস্থানে রাখুন।

উপকরণ

- সকল উপকরণ সুনির্দিষ্ট স্থানে সাজিয়ে রাখুন।
- উপকরণগুলো নিয়মিতভাবে পরিষ্কার করুন।
- উপকরণগুলো যথাযথভাবে সংরক্ষণ করুন।

সাবধানতা

- যন্ত্রপাতি এবং সরঞ্জাম পরিষ্কার করার সময় সাবান এবং জীবাণুনামুক্তর সঠিক ব্যবহার নিশ্চিত করুন।
- যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলো ধুয়ে ফেলার পর ভালোভাবে শুকিয়ে নিন।
- ধারালো যন্ত্রপাতি পরিষ্কার করার সময় সতর্কতা অবলম্বন করুন।
- বিদ্যুৎ চালিত যন্ত্রপাতি পরিষ্কার করার আগে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করুন।

## ৫.৪. কর্মক্ষেত্র পরিষ্কার করা

### ডাষ্টিং

- টেবিল, চেয়ার, আলমারি, এবং অন্যান্য আসবাবপত্র থেকে ধুলো পরিষ্কার করার জন্য ডাষ্টিং কাপড় ব্যবহার করা হয়।
- ডাষ্টিং কাপড় শুকনো অথবা ভেজা হতে পারে।
- ভেজা ডাষ্টিং কাপড় ধুলো পরিষ্কার করার পাশাপাশি জীবাণুমুক্ত করে।

### সেকিং এন্ড বিটিং

- মেঝে থেকে ধুলো, ময়লা, এবং কাগজের টুকরো পরিষ্কার করার জন্য সেকিং এন্ড বিটিং ব্যবহার করা হয়।
- সেকিং এন্ড বিটিং-এর দুটি অংশ থাকে: একটি দীর্ঘ হাতল এবং একটি ব্রাশ।
- ব্রাশের সাহায্যে মেঝে থেকে ধুলো, ময়লা, এবং কাগজের টুকরো তুলে ফেলা হয়।

### সুইপিং

- মেঝে থেকে ধুলো, ময়লা, এবং কাগজের টুকরো পরিষ্কার করার জন্য সুইপিং ব্যবহার করা হয়।
- সুইপিং-এর জন্য একটি দীর্ঘ হাতল এবং একটি ব্রাশ ব্যবহার করা হয়।
- ব্রাশের সাহায্যে মেঝে থেকে ধুলো, ময়লা, এবং কাগজের টুকরো তুলে ফেলা হয়।

### মপিং

- মেঝে ভেজা করে পরিষ্কার করার জন্য মপিং ব্যবহার করা হয়।
- মপিং-এর জন্য একটি দীর্ঘ হাতল এবং একটি মপ ব্যবহার করা হয়।

- মপ ভেজা করে মেঝে ঘষে পরিষ্কার করা হয়।

**ওয়াসিং**

- জানালা, দরজা, আয়না, এবং অন্যান্য কাঠামোগত জিনিসপত্র পরিষ্কার করার জন্য ওয়াসিং ব্যবহার করা হয়।
- ওয়াশিং-এর জন্য পানি, সাবান, এবং কাপড় ব্যবহার করা হয়।
- কাপড় ভেজা করে জিনিসপত্র ঘষে পরিষ্কার করা হয়।

**পলিশিং**



- কাঠের আসবাবপত্র, মেঝে, এবং অন্যান্য কাঠামোগত জিনিসপত্র উজ্জ্বল করার জন্য পলিশিং ব্যবহার করা হয়।
- পলিশিং-এর জন্য পলিশ ব্যবহার করা হয়।
- পলিশ কাপড়ে লাগিয়ে জিনিসপত্র ঘষে পরিষ্কার করা হয়।

**কর্মক্ষেত্র পরিষ্কার করার সময় কিছু বিষয় মনে রাখা উচিত**

- পরিষ্কার করার কাজ শুরু করার আগে কর্মক্ষেত্র থেকে সকলকে সরিয়ে ফেলতে হবে।
- পরিষ্কার করার কাজ শেষ করার পর কর্মক্ষেত্র সঠিকভাবে ব্যবস্থিত করুন।
- পরিষ্কার করার কাজের জন্য নির্ধারিত সরঞ্জাম এবং রাসায়নিক ব্যবহার করুন।

উপরোক্ত পদ্ধতিগুলো অনুসরণ করে কর্মক্ষেত্র পরিষ্কার করতে হলে যে সকল যন্ত্রপাতি লাগবে তার নাম ও ব্যবহার নিম্নে প্রদত্ত হলো-

| | |
|---|---|
| **ঝাড়ু:** ঝাড়ু একটি পরিষ্কার করার সরঞ্জাম যা সাধারণত শক্ত আশযুক্ত হয়ে থাকে। |  চিত্র: ঝাড়ু |
| **ডাস্টপ্যান:** একটি ডাস্টপ্যান সাধারনত একটি ঝাড়ুর সাথে ব্যবহার করা হয়। এটি চুলের কাট অংশ / ধুলো / বর্জ্য / ছোট সংগ্রহ করতে ব্যবহৃত হয়। |  চিত্র: ডাস্টপ্যান |
| **ব্রাশ:** ব্রাশ হ'ল ব্রিজলস, ওয়্যার বা অন্যান্য ফিলামেন্টস সহ এমন একটি সরঞ্জাম যা পরিষ্কার, পেইন্টিং, পৃষ্ঠের সম্পূর্ণতা এবং অন্যান্য অনেক উদ্দেশ্যে ব্যবহৃত হয়। |  চিত্র: ব্রাশ |

| | |
|---|---|
| **মফঃ** একটি মফ (যেমন ফ্লোর মফ) হ'ল মোটা স্ট্রিং বা একটি টুকরো কাপড়, স্পঞ্জ বা অন্যান্য শোষণকারী উপাদানগুলোর একটি বান্ডিল যা একটি লাঠির সাথে সংযুক্ত থাকে। এটি তরল কিছু শুষে নেওয়ার জন্য, মেঝে এবং অন্যান্য পৃষ্ঠতল পরিষ্কার করার জন্য, ধুলো বা অন্যান্য ময়লা পরিষ্কারের উদ্দেশ্যে ব্যবহার করা হয়। |  চিত্র: মফ |
| **ময়লার ঝুড়িঃ** ময়লার ঝুড়ি অস্থায়ীভাবে বর্জ্য সংরক্ষণের জন্য একটি ঝুড়ি এবং সাধারণত মেটাল বা প্লাস্টিকের তৈরি হয়। কিছু সাধারণ শব্দ হ'ল ডাস্টবিন, গ্যারবেজ ক্যান, ট্র্যাস ক্যান এবং ডাম্পস্টার। |  চিত্র: ময়লার ঝুড়ি |
| **ভ্যাকুয়াম ক্লিনার:** ভ্যাকুয়াম ক্লিনার হল সবথেকে বেশি ব্যবহৃত ক্লিনিং ইকুইপমেন্ট। এর যথাযথ যত্ন নিলে এটি আপনার সবথেকে ভাল বন্ধু হয়ে যাবে। |  চিত্র: ভ্যাকুয়াম ক্লিনার |
| **মপ ও বাকেট:** মপ ও বাকেট ফ্লোর পরিস্কারের কাজে ব্যবহার হয়।কালার কোডেড মপ এবং বালতি সিস্টেম ব্যবহার হয়। সর্বদা ঠিক টাইপটা ব্যবহার করা উচিত। যেমন টয়লেটের জন্য লাল, রান্নাঘরের জন্য হলুদ, মেঝেতে নীল সর্বদা ব্যবহার করুন। |  চিত্র: মপ ও বাকেট |

## ৫.৪. বর্জ্য পদার্থ কর্মক্ষেত্রের মান অনুযায়ী নিষ্কাশন করা

| | | |
|---|---|---|
|  |  |  |

### বর্জ্য অপসারণ করার পর্যায়ক্রমিক ধাপ সমূহ

বর্জ্য অপসারণ একটি গুরুত্বপূর্ণ কাজ যা পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যবিধি বজায় রাখার জন্য গুরুত্বপূর্ণ। বর্জ্য অপসারণের কাজ পর্যায়ক্রমিকভাবে করা উচিত যাতে এটি সঠিকভাবে এবং নিরাপদে সম্পন্ন হয়।

ধাপ ১: শুষ্ক এবং ভেজা কাজ ভাগ করা

- পরিষ্কারের কাজ দুটি ভাগে ভাগ করা উচিত: শুষ্ক কাজ এবং ভেজা কাজ।
- শুষ্ক কাজের মধ্যে রয়েছে ধুলো পরিষ্কার করা, ডাস্টপ্যান ব্যবহার করা, এবং মেঝে ঝাড়ু দেওয়া।
- ভেজা কাজের মধ্যে রয়েছে মেঝে মোছা, জানালা পরিষ্কার করা, এবং টয়লেট পরিষ্কার করা।
- শুষ্ক কাজ ভেজা কাজের আগে করা উচিত। কারণ ভেজা কাজের ফলে ধুলো ভেজা হয়ে মেঝেতে আটকে যেতে পারে।

ধাপ ২: উপরের থেকে নিচের দিকে পরিষ্কার করা

- পরিষ্কারের কাজ উপরের থেকে নিচের দিকে করা উচিত। কারণ উপরের তলা থেকে ধুলো নিচের তলায় পড়ে যেতে পারে।
- প্রথমে আলো, ফ্যান, এবং অন্যান্য উঁচু জিনিসপত্র পরিষ্কার করা উচিত।
- তারপর দেয়াল, টেবিল, চেয়ার, এবং অন্যান্য আসবাবপত্র পরিষ্কার করা উচিত।
- শেষে মেঝে পরিষ্কার করা উচিত।

ধাপ ৩: রুমের চারপাশে কাজ করা

- রুমের চারপাশে সুষ্ঠুভাবে কাজ করা উচিত যাতে কোনও জায়গা বাদ না যায়।
- একটি নির্দিষ্ট দিক থেকে শুরু করে রুমের চারপাশে ঘুরে ঘুরে কাজ করা উচিত।
- কাজ শেষ করার পর রুমটি পরিষ্কার এবং পরিচ্ছন্ন দেখা উচিত।

ধাপ ৪: বর্জ্য নিষ্কাশন

- বর্জ্য দ্রুত এবং সঠিকভাবে নিষ্কাশন করা উচিত।
- বর্জ্যের ধরন অনুযায়ী তা আলাদা আলাদাভাবে নিষ্কাশন করা উচিত।
- খাদ্য বর্জ্য, শুকনো বর্জ্য, পুনর্ব্যবহৃত করা যাবে এমন বর্জ্য, মেডিকেল এবং সংক্রামক বর্জ্য, এবং ফেরতযোগ্য বর্জ্য আলাদা আলাদাভাবে নিষ্কাশন করা উচিত।
- বর্জ্য নিষ্কাশনের জন্য ডিস্পোজেবল ব্যগযুক্ত ঝুড়ি, খোলা ঝুড়ি, ঢাকনা যুক্ত ঝুড়ি ব্যবহার করা হয়।

**বর্জ্য পরিচালনায় সতর্কতা**

বর্জ্য পরিচালনা একটি গুরুত্বপূর্ণ বিষয়। সঠিকভাবে বর্জ্য পরিচালনা না করলে পরিবেশ দূষণের পাশাপাশি মানুষের স্বাস্থ্যের জন্যও ক্ষতিকর হতে পারে। বর্জ্য পরিচালনায় কিছু সতর্কতা অবলম্বন করলে দুর্ঘটনা রোধ করা এবং পরিবেশ রক্ষা করা সম্ভব।

ভাঙা গ্লাস এবং সিরিঞ্জ

- প্লাস্টিক ব্যাগের মধ্যে ভাঙা গ্লাস বা সিরিঞ্জ কখনো ফেলবেন না। এগুলো ব্যাগ ছিঁড়ে ফেলতে পারে এবং ফলে আপনার এবং অন্যদের ক্ষতি হতে পারে।
- ভাঙা গ্লাস এবং ক্রোকারি ফেলার আগে আগে মোটা সংবাদপত্র দিয়ে মোড়ানো উচিত।
- কিছু কর্মক্ষেত্রে ভাঙা গ্লাস এবং ক্রোকারি ফেলার জন্য একটি বিশেষ বালতি থাকতে পারে।

- ভাঙা গ্লাস এবং ক্রোকারি ফেলার সময় সাবধানতা অবলম্বন করুন এবং নিশ্চিত করুন যে এগুলো সঠিকভাবে নিষ্পত্তি করা হচ্ছে।

অন্যান্য সতর্কতা

- তীক্ষ্ণ বর্জ্য যেমন ছুরি, কাঁটা, পেরেক ইত্যাদি সাবধানে মোড়ানো অবস্থায় ফেলুন।
- রাসায়নিক বর্জ্য যেমন ব্যাটারি, ইলেকট্রনিক জিনিসপত্র, পেইন্ট ইত্যাদি সঠিকভাবে নিষ্পত্তি করুন।
- জৈব বর্জ্য যেমন খাবারের অবশিষ্টাংশ, কাগজ, পাতা ইত্যাদি সার তৈরির জন্য ব্যবহার করা যেতে পারে।
- বর্জ্য পাত্রে নিয়মিত বর্জ্য ফেলুন এবং পাত্র ভর্তি হলে তা দ্রুত সরিয়ে ফেলুন।
- বর্জ্য পরিচালনার ক্ষেত্রে কর্মক্ষেত্রের নিয়ম-কানুন মেনে চলুন।

## সেলফ চেক শিট (Self-Check Sheet)-৫: ক্লায়েন্ট এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা।

সঠিক উত্তর লিখুন।

১. পরিষ্কার করার পদ্ধতিগুলো কী কী?
উত্তর:

২. মোফের ব্যবহার লিখুন।
উত্তর:

৩. বর্জ্য এর প্রকারভেদ লিখুন।
উত্তর:

৪. মেডিকেল এবং সংক্রামক বর্জ্য কোথায় ফেলতে হবে?
উত্তর:

৫. বর্জ্য নিষ্কাশনের সর্তকতাগুলো কি?
উত্তর:

**উত্তর পত্র (Answer Key)- ৫: ক্লায়েন্ট এবং কর্মক্ষেত্র পরিষ্কার করা।**

১. পরিষ্কার করার পদ্ধতিগুলো কী কী?

উত্তর: ডাস্টিং, সেকিং এন্ড বিটিং, সুইপিং, মপিং, ওয়াশিং, পলিশিং।

২. মোফের ব্যবহার লিখুন।

উত্তর: মফ সাধারনত তরল কিছু শুষে নেওয়ার জন্য, মেঝে এবং অন্যান্য পৃষ্ঠতল পরিষ্কার করার জন্য, ধুলো বা অন্য পরিষ্কারের উদ্দেশ্যে ব্যবহার করা হয়।

৩. বর্জ্য এর প্রকারভেদ লিখুন।

উত্তর: বর্জ্য এর প্রকারভেদ নিম্নরূপ: খাদ্য বর্জ্য, শুকনো বর্জ্য, পুনর্ব্যবহৃত করা যাবে এমন বর্জ্য, মেডিকেল এবং সংক্রামক বর্জ্য, ফেরতযোগ্য বর্জ্য।

৪. মেডিকেল এবং সংক্রামক বর্জ্য কোথায় ফেলতে হবে?

উত্তর: বর্জ্য সাময়িকভাবে নিষ্কাশন করার জন্য ডিস্পোজেবল ব্যগযুক্ত ঝুড়ি বা ঢাকনা যুক্ত ঝুড়ি ব্যবহার করা হয়।

৫. বর্জ্য নিষ্কাশনের সর্তকতাগুলো কি?

উত্তর: প্লাস্টিক ব্যাগের মধ্যে ভাঙা গ্লাস বা সিরিঞ্জ কখনও ফেলবেন না। এগুলো ব্যাগ ছিঁড়ে ফেলতে পারে এবং ফলে আপনার এবং অন্যদের ক্ষতি হতে পারে। ভাঙা গ্লাস এবং ক্রোকারি ফেলার আগে আগে মোটা সংবাদপত্র দিয়ে মোড়ানো উচিত। কিছু কর্মক্ষেত্রে ভাঙা গ্লাস এবং ক্রোকারি ফেলার জন্য একটি বিশেষ বালতি থাকতে পারে।

## টাস্কশীট ( Task Sheet) ৫.১: যন্ত্রপাতি এবং সরঞ্জাম পরিষ্কার এবং স্যানিটাইজ (জীবাণুমুক্ত) করা

| | |
|---|---|
| কাজের নাম | যন্ত্রপাতি এবং সরঞ্জাম পরিষ্কার এবং স্যানিটাইজ (জীবাণুমুক্ত) করা |
| কাজের উদ্দেশ্য | ১. জীবাণু ও ব্যাকটেরিয়া দূর করে স্বাস্থ্য সংক্রমণের ঝুঁকি কমানো।<br>২. পরিষ্কার রাখার মাধ্যমে সরঞ্জামের ক্ষয় রোধ করা।<br>৩. পরিষ্কার সরঞ্জাম আরও দক্ষতার সাথে কাজ করে।<br>৪. ক্ষতিকারক রাসায়নিক পদার্থের ব্যবহার কমিয়ে পরিবেশ সুরক্ষা করা। |
| প্রয়োজনীয় পিপিই | গ্লাভস, এপ্রন, ফেস মাস্ক, মাস্ক |
| প্রয়োজনীয় ইকুইপমেন্টস | স্যানিটাইজার, পরিষ্কার পানি, মৃদু পরিষ্কারের দ্রব্য, পরিষ্কার কাপড়, ব্রাশ, কন্টেইনার |
| কাজের ধাপসমূহ/পদ্ধতি | ১. নিরাপত্তা ও স্বাস্থ্য বিধি মেনে চলুন।<br>২. প্রয়োজনীয় পিপিই সংগ্রহ করুন এবং ব্যবহার করুন।<br>৩. প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং সরঞ্জাম সংগ্রহ করুন।<br>৪. সেগুলো জীবাণুমুক্ত করুন।<br>৫. কাঁচি, ক্লিপার, চিরুনি ইত্যাদি চিহ্নিত করুন।<br>৬. সঠিকভাবে সাজিয়ে নিন।<br>৭. হেয়ার ক্যাটালগ থেকে স্টাইল নির্বাচন করুন।<br>৮. ক্লায়েন্টের সম্মতি নিন।<br>৯. ক্লায়েন্টের অলংকার/গহণা সরিয়ে নিন।<br>১০. ক্লায়েন্টের ফেস, মাথার আকার, এবং শরীরের উচ্চতা অনুযায়ী মূল্যায়ন করুন।<br>১১. স্টাইল এবং কাটার ধরন অনুযায়ী চুলের গঠন বিশ্লেষণ করুন।<br>১২. ক্লায়েন্টকে প্রটেক্টিভ ক্লোথিং সরবরাহ করুন।<br>১৩. সেগুলো ব্যবহার করতে সহায়তা করুন।<br>১৪. সেলুনের নিয়ম অনুযায়ী চুল শ্যাম্পু ও কন্ডিশন করুন।<br>১৫. চুল ৬০% শুকিয়ে এবং ৪০% ভেজা রাখুন।<br>১৬. চুল সেকশন করুন।<br>১৭. নির্বাচিত স্টাইল এবং পদ্ধতি অনুসরণ করে হেয়ার কাট করুন।<br>১৮. ব্লো ড্রায়ার দিয়ে হেয়ার সেটিং করুন।<br>১৯. ফিনিশিং কাটিং টুলস ব্যবহার করুন।<br>২০. ক্লায়েন্টের চাহিদা এবং স্টাইল অনুযায়ী ফিনিশিং প্রোডাক্টস প্রয়োগ করুন।<br>২১. ক্লায়েন্টের গ্রহণযোগ্যতা নিশ্চিত করুন এবং প্রয়োজন অনুযায়ী সমন্বয় করুন।<br>২২. এপ্রোন অপসারণ করুন এবং ব্রাশ/টিস্যু দিয়ে অবাঞ্ছিত চুল অপসারণ করুন।<br>২৩. ক্লায়েন্টের গহণা/অলংকার ফেরত দিন।<br>২৪. যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলো পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন।<br>২৫. কর্মক্ষেত্র পরিষ্কার করুন।<br>২৬. বর্জ্য পদার্থ সঠিকভাবে নিষ্কাষণ করুন। |

## স্পেশিফিকেশন শিট (Specification Sheet) ৫.১: যন্ত্রপাতি এবং সরঞ্জাম পরিষ্কার এবং স্যানিটাইজ (জীবাণুমুক্ত) করা

**প্রয়োজনীয় পিপিই**

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | গ্লাভস | রাবার, ওয়াটারপ্রুফ | জোড়া | ১ |
| ২. | সেফটি গগলস | প্লাস্টিক, ক্লিয়ার ভিউ | টি | ১ |
| ৩. | এপ্রন | ওয়াটারপ্রুফ, প্লাস্টিক/কাপড় | টি | ১ |
| ৪. | ফেস মাস্ক | ডিসপোজেবল, এন৯৫ | টি | ১ |

**প্রয়োজনীয় টুলস**

| ক্রম | টুলস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | ব্রাশ | নরম ব্রিসল, প্লাস্টিক হ্যান্ডেল | টি | ১ |
| ২. | স্ক্রাবার | নরম/মাঝারি ব্রিসল | টি | ১ |
| ৩. | স্পঞ্জ | শোষণক্ষম, নরম | টি | ১ |
| ৪. | ড্রায়িং কাপড় | মাইক্রোফাইবার/কাপড় | টি | ১ |

**প্রয়োজনীয় ইকুইপমেন্টস**

| ক্রম | ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | বালতি | প্লাস্টিক, হ্যান্ডেল সহ | টি | ১ |
| ২. | স্প্রে বোতল | প্লাস্টিক, সামঞ্জস্যপূর্ণ নোজল | টি | ১ |
| ৩. | এয়ার ড্রায়ার | বৈদ্যুতিক, পোর্টেবল | টি | ১ |
| ৪. | বালতি | প্লাস্টিক, হ্যান্ডেল সহ | টি | ১ |

**প্রয়োজনীয় ম্যাটেরিয়াল**

| ক্রম | ম্যাটেরিয়াল এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | ডিটারজেন্ট | লিকুইড, অ্যান্টিব্যাকটেরিয়াল | লিটার | নির্দিষ্ট |
| ২. | স্যানিটাইজার | লিকুইড, খাদ্য নিরাপদ | লিটার | নির্দিষ্ট |
| ৩. | পানি | পরিষ্কার, পোর্টেবল | লিটার | প্রয়োজন অনুযায়ী |

# দক্ষতা পর্যালোচনা (Review of Competency)

| প্রশিক্ষণার্থীর জন্য নির্দেশনা: প্রশিক্ষণার্থী নিম্নোক্ত দক্ষতা প্রমাণ করতে সক্ষম হলে নিজেই কর্মদক্ষতা মূল্যায়ন করবে এবং সক্ষম হলে **"হ্যাঁ"** এবং সক্ষমতা অর্জিত না হলে **"না"** বোধক ঘরে টিকচিহ্ন দিন। | | |
|---|---|---|
| **কর্মদক্ষতা মূল্যায়নের মানদন্ড** | **হ্যাঁ** | **না** |
| অকুপেশনাল সেফটি এন্ড হেলথ (অএসএইচ) মেনে চলা হয়েছে এবং পিপিই ব্যবহার করা হয়েছে। | | |
| যন্ত্রপাতি এবং সরঞ্জাম সংগ্রহ করা হয়েছে এবং জীবণুমুক্ত করা হয়েছে। | | |
| ক্লায়েন্ট এর চুল কাটার উপকরণসমূহ চিহ্নিত করা হয়েছে এবং সাজান হয়েছে। | | |
| হেয়ার ক্যাটালগ অনুযায়ী হেয়ার স্টাইল নির্বাচন করা হয়েছে এবং ক্লায়েন্ট সম্মত হয়েছে। | | |
| ব্যক্তিগত পরিধেয় জিনিসপত্র (অলংকার/গহণা) সরান/খুলে নেওয়া হয়েছে। | | |
| ক্লায়েন্টের মুখাকৃতি, মাথা, দৈর্ঘ্য, প্রস্থ, তার শরীর এবং উচ্চতা অনুযায়ী মূল্যায়ন করা হয়েছে। | | |
| স্টাইল এবং কাটার ধরন অনুযায়ী চুলের গঠন বিশ্লেষণ করা হয়েছে। | | |
| ক্লায়েন্টকে প্রটেক্টিভ ক্লোথিং/প্রতিরক্ষামূলক পোশাক সরবরাহ এবং ব্যবহার করা হয়েছে। | | |
| সেলুনে প্রচলিত নিয়ম অনুসরণ করে চুলে শ্যাম্পু করা হয়েছে এবং কন্ডিশন করা হয়েছে। | | |
| চুল হালকা শুকানো (৬০% শুষ্ক এবং ৪০% ভেজা) হয়েছে। | | |
| চুল সেকশন করা হয়েছে। | | |
| নির্বাচিত হেয়ার স্টাইল এবং গ্রহণযোগ্য পদ্ধতি অনুসরণ করে হেয়ার কাট করা হয়েছে। | | |
| হেয়ার সেটিং সম্পাদন করা হয়েছে (ব্লো ড্রাইয়ার দিয়ে)। | | |
| হেয়ার স্টাইল অনুযায়ী ফিনিশিং কাটিং টুলস ব্যবহার করা হয়েছে। | | |
| ক্লায়েন্টের চাহিদা এবং স্টাইল অনুযায়ী ফিনিশিং প্রোডাক্টস প্রয়োগ করা হয়েছে। | | |
| ক্লায়েন্টের গ্রহণযোগ্যতা নিশ্চিত করা হয়েছে এবং প্রয়োজন অনুযায়ী সমন্বয় করা হয়েছে। | | |
| এপ্রোন অপসারণ করা হয়েছে এবং অবাঞ্ছিত লোম/চুলগুলো অপসারণ করার জন্য ব্রাশ/টিস্যু ব্যবহার করা হয়েছে। | | |
| ব্যাক্তিগত পরিধেয় জিনিসপত্র ক্লায়েন্টকে ফেরত দেওয়া হয়েছে। | | |
| যন্ত্রপাতি এবং সরঞ্জামগুলো পরিষ্কার এবং স্যানিটাইজ/জীবাণুমুক্ত করা হয়েছে। | | |
| কর্মক্ষেত্র পরিষ্কার করা হয়েছে। | | |
| কর্মক্ষেত্রের মান/স্ট্যান্ডার্ট অনুযায়ী বর্জ্য পদার্থ নিষ্পত্তি করা হয়েছে। | | |
| অকুপেশনাল সেফটি এন্ড হেলথ (অএসএইচ) মেনে চলা হয়েছে এবং পিপিই ব্যবহার করা হয়েছে। | | |
| যন্ত্রপাতি এবং সরঞ্জাম সংগ্রহ করা হয়েছে এবং জীবণুমুক্ত করা হয়েছে। | | |

আমি (প্রশিক্ষণার্থী) এখন আমার আনুষ্ঠানিক যোগ্যতা মূল্যায়ন করতে নিজেকে প্রস্তুত বোধ করছি।

স্বাক্ষর ও তারিখঃ

প্রশিক্ষকের স্বাক্ষর ও তারিখঃ

## সিবিএলএম প্রনয়ন

"হেয়ার কাট সম্পন্ন করণ" (অকুপেশন: বিউটিফিকেশন) শীর্ষক কমপিটেন্সি বেসড লার্নিং ম্যাটারিয়াল (সিবিএলএম) টি – জাতীয়  দক্ষতা সনদায়নের নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সমাহার কনসালটেন্টস লি: এর সহায়তায় প্যাকেজ SD-9C (তারিখ: ১৫ জানুয়ারী ২০২৪) এর অধিনে ২০২৪ এর আগষ্ট মাসে প্রণয়ন করা হয়েছে।

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পদবি | মোবাইল নম্বর ও ইমেইল |
|---|---|---|---|
| ০১ | জুলেখা শাহিন | লেখক | ০১৭১৬৪৯০৩৪৩<br>parthibgallery@gmail.com |
| ০২ | সুরাইয়া বেগম | সম্পাদক | ০১৭২০৬৯৬৫৬১<br>suraiyabegum70@gmail.com |
| ০৩ | খান মোহাম্মদ মাহমুদ হাসান | কো – অর্ডিনেটর | ০১৭৪০-৮৭৮৯৭<br>kmmhasan@gmail.com |
| ০৪ | মো: মোফাজ্জেল হোসেন | রিভিউয়ার | ০১৭২২ ৮৭৫৫৩৯<br>nsda.mofajjel@gmail.com |

# রেফারেন্স

১. Freepik.com
২. https://how-to-cut-hair-basics.teachable.com/
৩. https://pros.samvilla.com/blogs/hair-tutorials/best-haircutting-techniques?srsltid=AfmBOopYxOywZ6gh3csC8cqxc9c0Xlz4taG2Vd4riLVVKI6jSfAKSbir